



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিবিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।

website: www.krishibank.org.bd
E-mail : dgmonm@krishibank.org.bd

ম্যানগাওয়ার প্ল্যানিং এন্ড ডেভেলপমেন্ট বিভাগ

প্রশাসন (এমপিডি) পরিপত্র নং-১২/২০১৭

তারিখ: ২৮-০৬-২০১৭ খ্রি:

বিষয়ঃ অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ম্যানুয়েল-২০১৭ প্রসংগে।

উপরোক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারডিশন বিভাগের ৬ এপ্রিল, ২০১৩ তারিখের সূত্র নং-ডিওএস (আরএমএমএস)/১১৫৪(২)বিকেবি/২০১৩-১৯২ পত্রের নির্দেশনার আলোকে অত্র ব্যাংকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন (আইসিসি)policy/ম্যানুয়েল পরিবর্তিত ব্যাংকিং ব্যবস্থার সাথে সামঞ্জস্য রেখে Review/update করে ব্যাংকের পর্যবেক্ষক অনুমোদন এহণপূর্বক বাংলাদেশ ব্যাংককে অবহিত করার পরামর্শ প্রদান করা হয়েছিল।

০২। উক্ত পত্রের নির্দেশনার প্রেক্ষিতে পরিবর্তিত ব্যবস্থার সাথে সামঞ্জস্য রেখে বাংলাদেশ ব্যাংক হতে ০৮.০৩.২০১৬ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার নম্বর-০৩ মূলে "GUIDELINES ON INTERNAL CONTROL & COMPLIANCE IN BANKS" এবং উক্ত গাইডলাইনে ০৪.০৯.২০১৬ তারিখে বিআরপিডি সার্কুলার নম্বর-০৬ মূলে আনীত সংশোধনীর আলোকে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ম্যানুয়েল-২০১৭ হালনাগাদ করে বাংলাদেশ কৃষি ব্যাংকের পরিচালনা পর্যবেক্ষণে ০৫.০৬.২০১৭ তারিখের ৬৮৭তম সভায় অনুমোদন গ্রহণ করা হয়।

০৩। এমতাবস্থায়, পরিচালনা পর্যবেক্ষণ কর্তৃক অনুমোদিত অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ম্যানুয়েল-২০১৭ টি ব্যাংকের প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের বিভিন্ন বিভাগ, কার্যালয় ও শাখাসমূহে যথাযথভাবে পরিপালন ও অনুসরণের জন্য সকলকে অনুরোধ করা হলো।

০৪। উপরোক্ত ম্যানুয়েলের বিষয়ে কোন সংশয় দেখা দিলে ম্যানগাওয়ার প্ল্যানিং এন্ড ডেভেলপমেন্ট বিভাগের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

সংযুক্ত: অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ম্যানুয়েল-২০১৭।

21.05.2017
(মোঃ আব্দুর রহমান)

উপমহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৫১৬৫৫

নং প্রকা/এমপিডি-৭৯/(অংশ-১)/২০১৬-২০১৭/২২৩(১২০৫)

তারিখ: ২৮.০৬.২০১৭খ্রি:

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঁ।

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দণ্ড, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৪। অধ্যক্ষ (মহাব্যবস্থাপক), বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। প্রত্রিটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আইসিটি সিস্টেমস এবং কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলোঁ।
- ৬। অধ্যক্ষ (উপমহাব্যবস্থাপক), বিকেবি রিজিউনাল স্টাফ কলেজ, চট্টগ্রাম/খুলনা।
- ৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৮। সকল মুখ্য আওতালিক ব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক (স্থানীয় মুখ্য কার্যালয়সহ)।
- ৯। সকল আওতালিক ব্যবস্থাপক/আওতালিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১০। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আওতালিক/আওতালিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
- ১১। নথি/মহানথি।

28/06/2017
(দেওয়ান আশুরাফ জামান)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ম্যানুয়েল-২০১৭

ম্যানপাওয়ার প্ল্যানিং এন্ড ডেভেলপমেন্ট বিভাগ

মুখ্যবন্ধ

ব্যাংক একটি আর্থিক প্রতিষ্ঠান। গ্রাহকগণ ব্যাংকের উপর সম্পূর্ণ আস্থা রেখেই তাঁদের আমানতকে জমা রাখেন এবং প্রয়োজনের মূল্যে সে অর্থ ফেরত পেতে চান। তাই গ্রাহকের জমাকৃত আমানতের নিরাপত্তা বিধান অত্যন্ত গুরুত্বপূর্ণ। ব্যাংক গ্রাহকের জমাকৃত আমানতের একটি বড় অংশ অন্য গ্রাহকের প্রয়োজনে খাণ/অগ্রিম হিসেবে প্রদান করে। আমানতকারীর আমানতের নিরাপত্তার স্বার্থে ব্যাংক কর্তৃক দেয়া খাণ/অগ্রিম এর টাকা সময়মত লাভসহ ফেরত পাওয়া অত্যন্ত জরুরী। উভয় ধরনের গ্রাহকের লেনদেনে আস্থার সম্পর্ক তৈরী ও তা বজায় রাখার জন্য ব্যাংক তার দৈনন্দিন কার্যক্রম একটি নিয়ম ও নীতিমালার মাধ্যমে পরিচালনা করে থাকে। এমন একটি নিয়ন্ত্রণ ব্যবস্থার মধ্যদিয়ে ব্যাংকারগণ ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করেন যাতে গ্রাহক সেবার মান বাড়ে, জাল-জালিয়াতি না হতে পারে। ফলে গ্রাহকের আস্থা বাড়ে ও ব্যাংকের সুনাম বৃদ্ধি পায়।

ব্যাংকারগণ জানেন যে, প্রতিটি আর্থিক লেনদেনের সাথে ঝুঁকি শব্দটি ওতপ্রোতভাবে জড়িত। ব্যাংকের প্রতি গ্রাহকের আস্থা ধরে রাখার জন্য ব্যাংক সব সময়ই (০১) সম্পদ ও দায় ব্যবস্থাপনা ঝুঁকি, (০২) খাণ ঝুঁকি (০৩) বৈদেশিক বাণিজ্য ঝুঁকি, (০৪) মানিলভারিং ঝুঁকি, (০৫) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ঝুঁকি এবং (০৬) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ঝুঁকিসমূহ বিবেচনায় রাখে।

উল্লেখিত ঝুঁকিসমূহের মধ্যে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ঝুঁকি খুবই গুরুত্বপূর্ণ। ব্যাংকের বিদ্যমান সকল নিয়মনীতি ও বিধিবিধানের পূর্ণাঙ্গ পরিপালন নিশ্চিতকরণের মাধ্যমে একটি কার্যকর অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রতিষ্ঠা করতে পারলেই অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ঝুঁকি মোকাবেলা করা সম্ভব। এক্ষেপ একটি কার্যকর নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রতিষ্ঠার ক্ষেত্রে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ম্যানুয়েল এর গুরুত্ব অপরিসীম। বাংলাদেশ কৃষি ব্যাংকের বিভিন্ন কার্যাবলির সঠিকতা নিশ্চিতকরণে কার্যসম্পাদন ও তদারকির সুনির্দিষ্ট চেকলিষ্ট অনুসরণের নির্দেশনা অভ্যন্তরীণ ও পরিপালন ম্যানুয়েল-২০০৬-এ দেয়া রয়েছে।

উপরোক্তে ম্যানুয়েলকে হালনাগাদকরণের নিমিত্ত বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার নং-০৩, তারিখ ০৮ মার্চ, ২০১৬ এর সাথে সংযুক্ত "GUIDELINES ON INTERNAL CONTROL & COMPLIANCE IN BANKS" এবং বিআরপিডি সার্কুলার নং-০৬, তারিখ ০৪ সেপ্টেম্বর, ২০১৬-তে উক্ত গাইডলাইন্সটির সংশোধনীর আলোকে "অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ম্যানুয়েল-২০১৭" নামে একটি ম্যানুয়েল প্রস্তুত করা হয়েছে। উক্ত ম্যানুয়েলের নির্দেশনার পূর্ণাঙ্গ বাস্তবায়নে অত্র ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীগণ এগিয়ে এলে ব্যাংকে একটি অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালনে সহায়ক ভূমিকা রাখবে- যার মাধ্যমে ব্যাংকের ঝুঁকি ও জালজালিয়াতির পরিমান হ্রাস পাবে।

এ ম্যানুয়েল কেবলমাত্র ব্যাংক কর্মকর্তা ও কর্মচারীগণের দাঙ্গারিক কাজের জন্য ব্যবহৃত হবে এবং এর বিধিবিধান ও পদ্ধতিসমূহ বাংলাদেশ কৃষি ব্যাংকের নিরীক্ষা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ সংক্রান্ত ব্যাপারে ব্যাংকের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের জন্য প্রযোজ্য হবে এবং ভবিষ্যতে জারীকৃত নির্দেশনা ও সংশোধনীসমূহ এ ম্যানুয়েলে সংযোজন করে ব্যবহার উপযোগী করবেন। ম্যানপাওয়ার প্ল্যানিং এন্ড ডেভেলপমেন্ট বিভাগের সহকারী মহাব্যবস্থাপক অবসরোভর ছুটি ভোগরত জনাব এস এম শাহরিয়ার, অবসরণাত্মক সহকারী মহাব্যবস্থাপক প্রকৌশলী অধিল চন্দ্র দস্ত, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা জনাব দেওয়ান আশরাফউজ্জামান, কর্মকর্তা জনাব মোঃ সেলিম হোসেন, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগের সহকারী মহাব্যবস্থাপক জনাব লুৎফুল নাহার নাজ, ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগের উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা জনাব মোঃ আকতার হোসেন ও উর্ধ্বতন কর্মকর্তা জনাব রাবেয়া বসরীসহ প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-১ ও ২, আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ, আইসিটি সিস্টেমস্ বিভাগ এবং আইসিটি অপারেশন বিভাগ এর কর্মকর্তাদের সমন্বয়ে ম্যানুয়েল প্রস্তুতে একনিষ্ঠ প্রয়াস ও আন্তরিকতার জন্য সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করছি। বিশেষভাবে ম্যানুয়েলটি আপডেট করার কাজের সাথে প্রত্যক্ষভাবে ম্যানপাওয়ার প্ল্যানিং এন্ড ডেভেলপমেন্ট বিভাগের উপমহাব্যবস্থাপক জনাব মোঃ আব্দুল জাতিফ এর মেধা ও শ্রম ওতপ্রোতভাবে জড়িয়ে আছে বিধায় ব্যাংক ব্যবস্থাপনার পক্ষ থেকে তাঁকে আমি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

আমাদের এই প্রাণপ্রিয় প্রতিষ্ঠান বাংলাদেশ কৃষি ব্যাংকের সামগ্রিক সমৃদ্ধির লক্ষ্যে তাই দৈনন্দিন কর্মসম্পাদনের সকল পর্যায়ে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ম্যানুয়েল-২০১৭ নির্দেশিত নিয়ন্ত্রণ নির্দেশনাসমূহ পুঁথানপুঁথভাবে পরিপালনের জন্য অত্র ব্যাংকের সকলকে পরামর্শ প্রদান করা হলো।

তারিখঃ ১৪ আগস্ট, ১৪২৪ বঙ্গাব্দ।

২৮ জুন, ২০১৭ খ্রিষ্টাব্দ।

মুহম্মদ আউয়াল খান
ব্যবস্থাপনা পরিচালক

১৮৬১২৭

সূচিপত্র

অধ্যায় নম্বর	বিষয়	পৃষ্ঠা নং
অধ্যায়-১	১.০০ : ভূমিকা	১
	১.০১ : নামকরণ	১
	১.০২ : ব্যাংক পরিচিতি	১
	১.০৩ : বাংলাদেশ কৃষি ব্যাংকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন	১
অধ্যায়-২	২.০০ : অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ নীতি ও উদ্দেশ্য	২
	২.০১ : অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ নীতি	২
	২.০২ : উদ্দেশ্য	২-৩
অধ্যায়-৩	৩.০০ : অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা ও পদ্ধতি	৪
	৩.০১ : পরিচালনা পর্যবেক্ষণ ও পর্যবেক্ষণ কার্যাবলি	৪
	৩.০২ : বাংলাদেশ কৃষি ব্যাংক অডিট কমিটির কার্যপরিধি	৫-৬
	৩.০৩ : ব্যবস্থাপনা কর্তৃপক্ষের দায়িত্ব	৬
	৩.০৪ : ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম্স (এমআইএস) তথ্য	৬
	৩.০৫ : ইন্টারনেট কন্ট্রোল সিস্টেম মূল্যায়নে বহিষ্ঠনিরীক্ষকদের ভূমিকা	৭
	৩.০৬ : বিরোধ নিষ্পত্তি	৭
	৩.০৭ : বাংলাদেশ কৃষি ব্যাংক বুকিং ব্যবস্থাপনা কমিটি	৭
অধ্যায়-৪	৪.০০ : অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ নীতিমালা	৮
	৪.০১ : নিয়ন্ত্রণ কার্যক্রম ও দায়িত্ব বিভাজন	৮
	৪.০২ : মনিটরিং কার্যক্রমের দুর্বলতা দর্শীকরণ	৮
	৪.০৩ : নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নির্দেশনা পরিপালন	৮
	৪.০৪ : পরিপালন সংক্রান্ত লালন	৮
	৪.০৫ : ম্যানেজমেন্ট রিপোর্টিং সিস্টেম	৮-৯
অধ্যায়-৫	৫.০০ : সাংগঠনিক কাঠামো	১০
	৫.০১ : অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন (আইসিসি) এর কাঠামো	১০
	৫.০২ : অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন (আইসিসি) এর দায়িত্বপালনকারী বিভাগসমূহ	১১
	৫.০৩ : পরিপালন ইউনিট	১১
	৫.০৪ : মনিটরিং ইউনিট	১১
	৫.০৫ : নিরীক্ষা ইউনিট	১২
	৫.০৬ : মনিটরিং ইউনিটের তত্ত্বাবধানে গঠিত অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টীম(ICT) ও এর কার্যপরিধি	১২-১৩
	৫.০৭ : প্রধান কার্যালয়ের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন সংক্রান্ত তিনটি ইউনিট	১৩
	৫.০৮ : স্থানীয় মুখ্য কার্যালয়ের পরিপালন ও মনিটরিং ইউনিট	১৩
	৫.০৯ : স্থানীয় মুখ্য কার্যালয়ের নিরীক্ষা ইউনিট	১৩
	৫.১০ : মাঠ কার্যালয়সমূহের পরিপালন ও মনিটরিং ইউনিট	১৩
	৫.১১ : মাঠ কার্যালয়সমূহের নিরীক্ষা ইউনিট	১৩
	৫.১২ : প্রশিক্ষণ ও উন্নয়ন	১৪
	৫.১৩ : অভ্যন্তরীণ প্রশিক্ষণ	১৪
	৫.১৪ : বিস্তৃত প্রশিক্ষণ	১৪
	৫.১৫ : বিদেশে প্রশিক্ষণ	১৪
অধ্যায়-৬	৬.০০ : পদ্ধতি ও নির্দেশিকা	১৫
	৬.০১ : ক্রেডিট এন্ড অপারেশন ম্যানুয়েল	১৫
	৬.০২ : হিসাব ও জেনারেল ব্যাংকিং ম্যানুয়েল	১৫
	৬.০৩ : নিরীক্ষা ম্যানুয়েল	১৫
	৬.০৪ : কম্পিউটারাইজড শাখা এবং কার্যালয় নিরীক্ষা ও পরিদর্শন ম্যানুয়েল	১৬
	৬.০৫ : ক্রয় সংক্রান্ত ব্যবস্থাদি	১৬
	৬.০৬ : নিরাপত্তা ম্যানুয়েল	১৬
	৬.০৭ : অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ম্যানুয়েল	১৭
	৬.০৮ : ডিলিংরম ম্যানুয়েল (ফরেন একচেষ্ট রিস্ক ম্যানেজমেন্ট)	১৭
	৬.০৯ : মানিলভারিৎ ও সজ্ঞাসে অর্থায়ন প্রতিরোধ ম্যানুয়েল	১৭
	৬.১০ : বাংলাদেশ কৃষি ব্যাংক চাকুরী প্রবিধানমালা	১৭
	৬.১১ : ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সিকিউরিটি পলিসি	১৭

	৬.১২ : এসেট লাইয়াবিলিটি ম্যানেজমেন্ট (ALM) গাইডলাইন	১৭
	৬.১৩ : শীণ ব্যাংকিং ম্যানেজেল	১৭
অধ্যায়-৭	৭.০০ : বিবেচ্য বুকিসমূহ	১৮
	৭.০১ : সাধারণ ব্যাংকিং সংক্রান্ত বুকি	১৮
	❖ ক্যাশ	১৮
	❖ ক্যাশ বহির্ভূত	১৮
	❖ কম্পিউটারাইজড শাখার হিসাব সংক্রান্ত বুকি	১৮
	৭.০২ : খণ্ড সংক্রান্ত বুকি	১৯-২০
	৭.০৩ : বৈদেশিক বিনিময় ও বাণিজ্য সংক্রান্ত বুকি	২০-২১
	৭.০৪ : প্রশাসনিক বিষয় সংক্রান্ত বুকি	২১
	৭.০৫ : মানি লভারিং সংক্রান্ত বুকি	২১-২২
	৭.০৬ : তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক বুকি	২২-২৩
	৭.০৭ : দায় ও সম্পদ সংক্রান্ত বুকি	২৩-২৪
	৭.০৮ : অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন বুকি	২৪
	৭.০৯ : ট্রেজারী ম্যানেজমেন্ট সংক্রান্ত বুকি	২৪-২৫
অধ্যায়-৮	৮.০০ : বাংলাদেশ কৃষি ব্যাংকে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ পদ্ধতির বাস্তবায়ন	২৬
	৮.০১ : ডিপার্টমেন্টাল কন্ট্রোল ফাংশন চেকলিস্ট	২৬
	৮.০২ : লোন ডকুমেন্টেশন চেকলিস্ট	২৬
	৮.০৩ : ত্রৈমাসিক অপারেশনস রিপোর্ট	২৬
	৮.০৪ : সেক্ষ এসেমেন্ট অফ এন্ট্রিফ্রড ইন্টারনাল কন্ট্রোলস	২৭
	৮.০৫ : নিয়ন্ত্রণ কার্যাবলির বুকি বিশ্লেষণ	২৭
	৮.০৬ : মনিটরিং ও অনুসরণ	২৭-২৮
	৮.০৭ : রিপোর্টিং	২৮-২৯
	৮.০৮ : নিরীক্ষা পরিকল্পনা পদ্ধতি	২৯
	৮.০৯ : পরিপালন পদ্ধতি	৩০
	৮.১০ : নথি নিষ্পত্তিকরণ ও বন্ধকরণ	৩০-৩১
	৮.১১ : পরিপালন ও অনুসরণ	৩১
অধ্যায়-৯	৯.০০ : মানিলভারিং ও সন্তোষে অর্থায়ন প্রতিরোধ	৩২
অধ্যায়-১০	১০.০০: ইনফরমেশন সিস্টেম্স (আইএস) অডিট	৩৩-৩৪
অধ্যায়-১১	১১.০০: বিবিধ	৩৫
	১১.০১: পরিদর্শন সমাপ্তি সভা (হিসাব চূড়ান্তকরণ)	৩৫
-	১১.০২: বাংলাদেশ ব্যাংকের বার্ষিক পরিদর্শন রিপোর্ট এবং পরিপালন জবাব দানের জন্য বিশেষ বোর্ড মিটিং	৩৫
	১১.০৩: লিয়াজোঁ মিটিং	৩৫
	১১.০৪ : এন্ট্রিফ্রড ইন্টারনাল কন্ট্রোলস এন্ড সেক্ষ এসেমেন্ট	৩৫

পরিশিষ্টঃ

পরিশিষ্ট -১	DEPARTMENTAL CONTROL FUNCTION CHECKLIST (DCFCL)"DAILY"	৩৬-৫২
পরিশিষ্ট -২	DEPARTMENTAL CONTROL FUNCTION CHECKLIST (DCFCL)"WEEKLY"	৫৩-৫৬
পরিশিষ্ট -৩	DEPARTMENTAL CONTROL FUNCTION CHECKLIST (DCFCL)"MONTHLY"	৫৭-৬০
পরিশিষ্ট -৪	DEPARTMENTAL CONTROL FUNCTION CHECKLIST (DCFCL)"QUARTERLY"	৬১-৬৪
পরিশিষ্ট -৫	ত্রৈমাসিক অপারেশনস রিপোর্ট (Quarterly Operations Report-QOR)	৬৫-৬৯
পরিশিষ্ট -৬	Loan Documentation Checklist	৭০-৮১
পরিশিষ্ট -৭	গ্রাহক পরিচিতি সম্পর্কিত (KYC) Profile ফরম লেনদেনের অনুমতি মাত্রা (Transaction Profile) * CTR (Cash Transaction Report) * STR (Suspicious Transaction Report)	৮২-১০০
পরিশিষ্ট -৮	শাখা পরিদর্শন প্রতিবেদন (অনুমোদিত নির্বাহী/অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ কমিটির প্রযোজ্য)	১০১-১০৩
পরিশিষ্ট -৯	Self Assessment of Anti fraud Internal controls (Quarterly)	১০৪-১০৮
পরিশিষ্ট -১০	শাখা কর্তৃক Self Assessment পদ্ধতির মাধ্যমে নিজস্ব অবস্থান নির্ণয় (অর্ধবার্ষিক)।	১০৯-১১২
পরিশিষ্ট -১১	Health Grading Score Sheet	১১৩-১১৭

অধ্যায়-১

ভূমিকা

পরিকল্পনা প্রণয়ন ও উহা বাস্তবায়নের জন্য বাস্তবসম্মত ব্যাপক পদক্ষেপ গ্রহণ করা যে কোন প্রতিষ্ঠানের লক্ষ্য অর্জনের চাবিকাঠি। প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়ে কেন্দ্রীয়ভাবে নীতি নির্ধারণ করা হয় এবং নীতিমালা বাস্তবায়নের জন্য কর্মপরিকল্পনা (Action Plan) গ্রহণ করা হয়। গৃহীত কর্মপরিকল্পনা অনুযায়ী প্রতিষ্ঠানের প্রতিটি স্তরে অর্থাৎ উচ্চতর পর্যায় হতে নিম্নতর পর্যন্ত নানাবিধি কলাকৌশল গ্রহণপূর্বক লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ অপরিহার্য হয়ে দাঁড়ায়। তাই প্রতিষ্ঠানের লক্ষ্য অর্জনে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার গুরুত্ব অপরিসীম।

১.০১ নামকরণ:

এ ম্যানুয়েল "অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ম্যানুয়েল-২০১৭" নামে অভিহিত হবে।

১.০২ ব্যাংক পরিচিতি:

বাংলাদেশ কৃষি ব্যাংক কৃষিজাত পণ্য উৎপাদন, মজুদ ও বিপণনে ঝণ বিতরণের ক্ষেত্রে দেশের বৃহত্তম ঝণদানকারী রাষ্ট্রীয় মালিকানাধীন আর্থিক প্রতিষ্ঠান। তাছাড়া এ ব্যাংক অন্যান্য বাণিজ্যিক ব্যাংকের ন্যায় সকল ব্যাংকিং কার্যক্রম ও পরিচালনা করে আসছে। রাষ্ট্রীয়ভাবে ১৯৫২ সালে তদানীন্তন পাকিস্তান সরকার "Agricultural Development Finance Corporation (ADFC)" নামে একটি আর্থিক সংস্থা প্রতিষ্ঠা করে। পরে ১৯৫৭ সালে তদানীন্তন সরকার "Agricultural Bank of Pakistan(ABP)" নামে আরও একটি সংস্থা প্রতিষ্ঠা করে। ১৯৬১ সালে এ দুটি রাষ্ট্রীয় ঝণদান সংস্থা একীভূত হয়ে "Agricultural Development Bank of Pakistan(ADBP)" নামে নতুন একটি সংস্থা প্রতিষ্ঠিত হয়। ১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর স্বাধীন সার্বভৌম বাংলাদেশ প্রতিষ্ঠিত হলে তৎকালীন "Agricultural Development Bank of Pakistan" "বাংলাদেশ কৃষি উন্নয়ন ব্যাংক" নামে কাজ শুরু করে। পরে ১৯৭৩ সালে মহামান্য রাষ্ট্রপতির ২৭ নম্বর আদেশ বলে এ ব্যাংকের নামকরণ করা হয় "বাংলাদেশ কৃষি ব্যাংক"। ১৯৮৭ সালে অত্য ব্যাংকের রাজশাহী বিভাগাধীন (বর্তমানে রংপুর বিভাগসহ) শাখাসমূহ ও নিয়ন্ত্রণকারী কার্যালয়সমূহ নিয়ে "রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক" নামে একটি পৃথক ব্যাংক প্রতিষ্ঠিত হয়।

১.০৩ বাংলাদেশ কৃষি ব্যাংকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন:

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ পদ্ধতি এমন একটি ব্যবস্থাপনা যা ব্যাংকের পরিচালনা পর্যন্ত, সকল নির্বাহী ও অন্যান্য কর্মকর্তা সম্পূর্ণ একটি কার্যক্রম যা দক্ষতার সাথে অর্জন, আর্থিক ব্যবস্থাপনার নির্ভরশীলতা এবং আইন, বিধিবিধান ও নীতিসমূহ পরিচালনা নিশ্চিত করে।

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ এমন একটি ব্যবস্থাপনা যেখানে প্রতিষ্ঠানের আর্থিক ও সাংগঠনিক কার্যাদি পর্যালোচনাপূর্বক তা পরিচালনার জন্য পরিকল্পনার সাথে সামঞ্জস্য রেখে এর নিয়ন্ত্রণ ব্যবস্থাকে সুসংহত করে।

তাই ব্যাংকের স্বার্থ সংরক্ষণের জন্য পরিচালনা পর্যন্ত উর্ধ্বতন ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নির্দেশাবলী ব্যাংকের সকল কার্যালয়কে যথাযথভাবে পরিপালনের মাধ্যমে ব্যাংকের ঝুঁকি ও দুর্বলতা থেকে উত্তোলন ঘটাতে হবে।

উল্লেখিত বিষয়সমূহের আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংকের মত একটি বৃহৎ আর্থিক প্রতিষ্ঠানের দৈনন্দিন কর্মকাণ্ডে ঝুঁকি হাসের লক্ষ্যে "অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন" বিষয়ক নীতি, পদ্ধতি প্রণয়ন ও প্রবর্তন করা হয়েছে।

অধ্যায়-২

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ নীতি ও উদ্দেশ্য

২.০১ অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ নীতি :

ব্যাংকিং প্রক্রিয়াক্ষে বহুমুখী এবং জটিল আর্থিক কর্মকাণ্ডের সাথে প্রত্যক্ষভাবে সম্পৃক্ত। দেশের সীমানার বাইরেও এর কার্যক্রম বিস্তৃত। দৈনন্দিন ব্যাংকিং কার্যক্রমে নানা ধরণের প্রত্যক্ষ ও পরোক্ষ লেনদেন সংঘটিত হয়। তাই ব্যাংকিং কার্যক্রমে বিভিন্ন ধরনের ঝুঁকি বিদ্যমান। ব্যাংকের সকল কর্মকাণ্ড সুষ্ঠুভাবে সম্পাদন নিশ্চিতকরণের লক্ষ্যে স্বচ্ছতা, জবাবদিহিতা এবং কার্যকর অভ্যন্তরীণ নীতি ও পদ্ধতি বর্তমানে অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়।

বাংলাদেশ ব্যাংক কর্মকাণ্ড বিচার বিশ্লেষণ করে ৬(ছয়)টি প্রধান ঝুঁকি চিহ্নিত করেছে। তার মধ্যে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ঝুঁকি (Internal Control and Compliance Risks) অন্যতম।

একটি কার্যকরী অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা নিরবচ্ছিন্নভাবে ব্যাংকের সকল বস্তুগত ঝুঁকি যাচাই করতে সক্ষম। বস্তুগত ঝুঁকি ব্যাংকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও বাহ্যিক উপাদানের (Internal and External Factors) সাথে সম্পৃক্ত যেমন-সাংগঠনিক কাঠামোর জটিলতা, কর্মরত জনশক্তির গুণগতমান, ব্যাংকিং পরিম্বলের পরিবর্তন, তথ্যপ্রযুক্তির প্রয়োগ ইত্যাদি। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণকে অনেক সময় অভ্যন্তরীণ নিরীক্ষার সমার্থক বিবেচনা করা হয়। প্রক্রিয়াক্ষে, অভ্যন্তরীণ নিরীক্ষা হচ্ছে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থারই একটি অংশ। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার মাধ্যমে সামগ্রিক নিয়ন্ত্রণ কর্মকাণ্ড, কর্তব্যের বিভাজন ও ব্যবস্থাপনার রিপোর্টিং পদ্ধতির ক্রটি সংশোধন করা হয়।

২.০২ উদ্দেশ্যঃ

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার প্রধান উদ্দেশ্য তিনটি-

১. পরিচালনাগত উদ্দেশ্য (Operations Objectives)
২. পরিবেশনাগত উদ্দেশ্য (Reporting Objectives)
৩. পরিপালনাগত উদ্দেশ্য (Compliance Objectives)

উপরোক্ত উদ্দেশ্যগুলোর বিবরণ নিম্নরূপঃ

১. পরিচালনাগত উদ্দেশ্য (Operations Objectives) :

প্রতিদ্বন্দ্বী/অন্যান্য ব্যাংক থেকে স্বতন্ত্রতা রক্ষাকরণ এবং ব্যাংকের অস্তিত্ব টিকিয়ে রাখার স্বার্থে পরিচালনাগত উদ্দেশ্য বিশেষভাবে প্রতিদ্বন্দ্বীয় প্রয়োজন প্রযোজন। উদাহরণশুরু-ব্যাংকের মূল লক্ষ্য এবং ভবিষ্যৎ অর্জন, উৎপাদনশীলতা, গ্রাহক ও কর্মীগণের সম্মতি, সামাজিক দায়বদ্ধতা ও সম্পদের নিরাপত্তা এবং অন্যান্য পরিচালনাগত উদ্দেশ্য ব্যাংকের নীতি ও উদ্দেশ্যের অন্তর্গত।

২. পরিবেশনাগত উদ্দেশ্য (Reporting Objectives) :

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার পরিবেশনাগত উদ্দেশ্য ব্যাংকের অভ্যন্তরে বাইরে থেকে ভিতরে এবং ভিতর থেকে ব্যাংকের বাইরের সকল প্রয়োজনীয় তথ্যটুপাত্তি সংগ্রহ নিশ্চিত করে। পরিবেশনাগত উদ্দেশ্য ৪টি উপবিভাগে বিভক্তঃ-

(ক) বহিঃআর্থিক রিপোর্ট (External Financial Reports)ঃ বহিঃআর্থিক রিপোর্ট বাংলাদেশ ব্যাংকের নিকট জবাবদিহীন আর্থিক রিপোর্টিং হিসেবে সবচেয়ে প্রয়োজনীয় বিবেচিত হয়।

(খ) বহিঃঅ-আর্থিক রিপোর্ট (External Non-Financial Reports)ঃ ইহা একটি বহিঃঅ-আর্থিক রিপোর্ট। ব্যাংকের বিভিন্ন সেবা, উত্তাবন ইত্যাদি সম্পর্কে রিপোর্টিং এর উপজীব্য বিষয়।

(গ) অভ্যন্তরীণ আর্থিক রিপোর্ট (Internal Financial Reports)ঃ অভ্যন্তরীণ আর্থিক রিপোর্ট ব্যাংকের খুবই প্রয়োজনীয় রিপোর্টিং পদ্ধতি যা ব্যাংক পরিচালনার ভিত্তি হিসেবে কাজ করে। এ পদ্ধতিতে ব্যাংকের সম্পদের গুণাগুণ, তারল্য, মূলধন, লাভ ইত্যাদি ব্যাংকের পরিচালনা পর্যবেক্ষণের নিকট উপস্থাপিত হয়।

(ঘ) অভ্যন্তরীণ অ-আর্থিক রিপোর্ট (Internal Non-Financial Reports)ঃ এ রিপোর্টিং পদ্ধতিতে ব্যাংকের উর্ধ্বতন কর্তৃপক্ষ এবং কর্মচারীগণের ব্যাংকের নীতি ও পদ্ধতি, অভ্যন্তরীণ বদলী, পদোন্নতি ইত্যাদি বিষয় রিপোর্ট করা হয়ে থাকে।

৩. পরিপালনাগত উদ্দেশ্য (Compliance Objectives) :

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার পরিচালনাগত উদ্দেশ্য ব্যাংকের সকল প্রযোজ্য বিধিবিধান যা শুধু ব্যাংকের সাথে সম্পর্কযুক্ত নয় অধিকস্তু সাধারণভাবে সকল প্রাতিষ্ঠানিক বিধিবিধান পরিপালন নিশ্চিত করবে। পরিপালনাগত উদ্দেশ্য ব্যবহৃত বিধিবিধান প্রয়োগের ক্ষেত্রে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হিসেবে বাংলাদেশ ব্যাংকের প্রত্যাশা অনুযায়ী ন্যূনতম মান বজায় রেখে পরিপালিত হতে হবে।

এ তিনিটি উদ্দেশ্য যথাঃ পরিচালনাগত উদ্দেশ্য, পরিবেশনাগত উদ্দেশ্য ও পরিপালনাগত উদ্দেশ্য আবার অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার ৫(পাঁচ)টি উপাদান দ্বারা বিভক্ত এবং এ ৫(পাঁচ)টি উপাদান আবার ১৭টি মূলনীতির উপর প্রতিষ্ঠিত।

নিয়ন্ত্রণমূলক পরিবেশঃ

১. ব্যাংক তার সততা ও নৈতিকতার সর্বোচ্চ মূল্যবোধ প্রদর্শন করবে।
২. পরিচালনা পর্যবেক্ষণ ব্যাংক ব্যবস্থাপনা হতে স্বতন্ত্র থেকে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার উন্নতি ও উৎকর্ষতা সাধন করবে।
৩. পরিচালনা পর্যবেক্ষণের গোচরীভূত করা হয় না এমন বিষয়াদি, কাঠামো, রিপোর্টিং লাইন এবং উদ্দেশ্য অনুসরণের দায়দায়িত্ব ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নিশ্চিত করবে।

৮. ব্যাংক তার উদ্দেশ্যের সাথে সামঞ্জস্য রেখে কর্মচারীদের দক্ষতার উন্নয়ন ঘটাবে এবং তাদেরকে কাজের প্রতি উৎসাহিত করা নিশ্চিত করবে।
৯. অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থায় ব্যাংক তার উদ্দেশ্য সাধনে কর্মচারীদের ব্যক্তিগত জবাবদিহিতা নিশ্চিত করবে।

বুকি মূল্যায়ন (Risk Assesment):

৬. ব্যাংকের উদ্দেশ্যগুলো সুনির্দিষ্ট হতে হবে। যাতে করে উদ্দেশ্যের সাথে বুকি সংশ্লিষ্ট বিষয়াদি চিহ্নিতকরণ এবং মূল্যায়ন স্বচ্ছতার সাথে অনুধাবন করা যায়।
৭. ব্যাংকের উদ্দেশ্য ও লক্ষ্য অর্জনের জন্যে ব্যাংকের নির্দিষ্ট পরিধির মধ্যে বুকিসমূহ চিহ্নিতপূর্বক বিশ্লেষণ করে তা প্রশমনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
৮. ব্যাংক তার উদ্দেশ্য ও লক্ষ্য অর্জনের স্বার্থে জালজালিয়াতির বুকি সর্বদা বিবেচনায় রাখবে।
৯. যেসব পরিবর্তন ব্যাংকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থায় বড় ধরণের প্রভাব ফেলবে তা চিহ্নিত ও মূল্যায়ন করবে।

নিয়ন্ত্রণ কার্যক্রমঃ

১০. বুকি গ্রহণযোগ্য পর্যায়ে আনতে একটি নিয়ন্ত্রণযোগ্য কার্যক্রম নির্বাচন করে তার উন্নয়ন করবে।
১১. ব্যাংকের উদ্দেশ্য অর্জনের লক্ষ্য প্রযুক্তির সহায়তায় নিয়ন্ত্রণমূলক কার্যক্রম নির্বাচন করে তার সম্প্রসারণ করবে।
১২. কার্যক্রম পদ্ধতির মাধ্যমে ব্যাংক নিয়ন্ত্রণমূলক কার্যক্রম চালু করে সেই নীতির যথাযথ বাস্তবায়ন করবে।
১৩. অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ কার্যক্রমকে সহায়তা করার জন্য প্রাসঙ্গিক ও গুণগত মানের তথ্য ব্যাংক চালু ও তা ব্যবহার করবে।
১৪. অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ কার্যক্রমের প্রয়োজনে ব্যাংক অভ্যন্তরীণভাবে তথ্য আদান প্রদান করবে। যার মধ্যে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণের উদ্দেশ্য ও দায়নায়িত অস্তিত্ব থাকবে।
১৫. অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ কার্যক্রমকে প্রভাবিত করে এমন বিষয়ে ব্যাংক বাইরের পক্ষের সাথে যোগাযোগ করবে।

পরিপালন কার্যক্রমঃ

১৬. অভ্যন্তরীণ নিয়ন্ত্রণের উপাদানসমূহ উপস্থিত ও কার্যকর কিনা তা নিশ্চিত করার লক্ষ্যে ব্যাংক তার চলমান অথবা পৃথক মূল্যায়ন ব্যবস্থা নির্বাচন করে তার উন্নয়ন ঘটাবে।
১৭. অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার ঘাটতিসমূহ ব্যাংক সময়মত মূল্যায়ন করে উর্ধতন ব্যবস্থাপনা কর্তৃপক্ষ অথবা পরিচালনা পর্যবেক্ষণ যারা তা সংশোধনের জন্য দায়িত্বপ্রাপ্ত, তাদের জানাবে।

নিয়ন্ত্রণ কার্যক্রম এবং কর্তব্যের বিভাজনঃ

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণের সবচেয়ে বাস্তবসম্মত কার্যক্রম হচ্ছে নিয়ন্ত্রণ কার্যক্রম (উপরোক্ত মূলনীতি ১০, ১১ ও ১২) যা অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রমের উপর অনেকটাই নির্ভরশীল। নিরীক্ষকগণকে বুবাতে হবে যে, কোন নিয়ন্ত্রণ ব্যবস্থা ভুল হওয়া প্রতিরোধ করবে অথবা ভুল খুঁজে বের করে তা সংশোধন করবে।

নিয়ন্ত্রণ কার্যক্রমের দুটি ধাপ রয়েছে, যথাঃ

- (১) নিয়ন্ত্রণ নীতিমালা এবং পদ্ধতির বাস্তবায়ন এবং
- (২) নিয়ন্ত্রণ নীতিমালা ও পদ্ধতি সঠিকভাবে প্রতিপালন করা যাচ্ছে কি না তা যাচাই করা।

যথাযথ কর্তব্য বিভাজন, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়। অধিকন্তু, কর্মচারীগণকে যথাযথ কর্তৃপক্ষ দ্বারা নিয়ন্ত্রিত হতে হবে এবং তারা তাদের উপর অর্পিত দায়িত্ব পরিপালনে উর্ধতন কর্তৃপক্ষের কাছে যথারীতি দায়বদ্ধ থাকবে। এমতাবস্থায়, কর্মচারীগণের দায়িত্ব যথাযথভাবে পরিপালনের জন্য তাদের সুনির্দিষ্ট কর্মবিভাজন থাকা অবশ্য জরুরী।

উর্ধতন ব্যবস্থাপনা কর্তৃপক্ষ যখন প্রয়োজনীয় নিয়ন্ত্রণ ব্যবস্থা পরিপালন নিশ্চিত করবে তখন এর সাথে সম্পৃক্ষ সকল কর্মচারীর দৈনন্দিন কাজের গতিশীলতা বৃদ্ধি পাবে -এতে দ্রুত কাঙ্গিখত পরিবর্তন সাধিত হবে। ফলে ব্যাংকের অপ্রয়োজনীয় খরচ হ্রাস পাবে। ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক অভ্যন্তরীণ নিয়ন্ত্রণের সাথে সম্পৃক্ষ সকলের দৈনন্দিন কার্যক্রম যথাযথভাবে পর্যবেক্ষণ করা হলে নিয়ন্ত্রণ কার্যক্রম অধিকতর ফলপ্রসূ হবে।

এজন্য স্বার্থের দন্তের সম্ভাব্য ক্ষেত্রসমূহ চিহ্নিত করে তা কমানোর জন্য সতর্কতামূলক স্বাধীন পর্যবেক্ষণ ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

অধ্যায়-৩

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা ও পদ্ধতি

বাংলাদেশ ব্যাংক সকল বাণিজ্যিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের নিয়ন্ত্রক হিসাবে সকল ব্যাংকের কার্যাবলী নিয়ন্ত্রণ করে। তাছাড়াও অর্থ মন্ত্রণালয়, জয়েন্ট স্টক কোম্পানী, কর কর্তৃপক্ষ ও অন্যান্য আইনানুগ কর্তৃপক্ষের ব্যাংকের কাজকর্মের উপর তাৎপর্যপূর্ণ প্রভাব রয়েছে। পরিচালনগতভাবে কোন কাজ শুরু করার পূর্বে বিধিবিধানগত প্রয়োজনীয়তাকে সামনে রেখে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রতিষ্ঠার জন্য ব্যাংকের অভ্যন্তরীণ পদ্ধতি (Internal Procedure) বিবেচনায় আনতে হবে। এ অর্থে ব্যাংকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা হল : (১) অভ্যন্তরীণ নিবারণ (Internal Check) (২) অভ্যন্তরীণ নিরীক্ষা (Internal Audit) ও (৩) অন্যান্য নিয়ন্ত্রণ ব্যবস্থার (Other Control Systems) সম্মিলিত রূপ। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার কাজ হচ্ছে ব্যাংকিং কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার ক্ষেত্রে বিদ্যমান এবং সম্ভাব্য সকল ঝুঁকি ও দুর্বল দিকসমূহ চিহ্নিত করা এবং এসব হতে উত্তরণের জন্য প্রয়োজনীয় প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করে ব্যাংক ব্যবস্থাপনাকে কার্যকর, গতিশীল ও যুগেয়োগী করার পদক্ষেপ গ্রহণ করা।

বাংলাদেশ কৃষি ব্যাংকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ব্যবস্থা ব্যাংক সৃষ্টির শুরু হতে অদ্যবধি নিম্নলিখিত বিভিন্ন আইন, ম্যানুয়েল, সার্কুলার এবং সময় সময় জারীকৃত বিজ্ঞপ্তি ও নির্দেশনাবলীর মাধ্যমে পরিচালিত হয়ে আসছে:

- (১) বাংলাদেশ ব্যাংক অর্ডার-১৯৭২।
- (২) বাংলাদেশ কৃষি ব্যাংক অর্ডার-১৯৭৩ (পি, ও অর্ডার নং- ২৭)
- (৩) বাংলাদেশ কৃষি ব্যাংক রুলস, ১৯৮৩ (১৯৮৯ সালে সংশোধিত)।
- (৪) ব্যাংক কোম্পানী আইন-১৯৯১, নেগোশিয়েবল ইলেক্ট্রুমেন্ট এক্সট-১৮৮১, সম্পত্তি হস্তান্তর আইন-১৮৮২, চুক্তি আইন-১৮৭২, মানি লভারিং প্রতিরোধ আইন-২০১২, অর্থ খণ্ড আদালত আইন-২০০৩ ও ২০০৪, দেউলিয়া আইন-১৯৯৭, আর্থিক প্রতিষ্ঠান আইন-১৯৯৩, পাবলিক ডিমান্ড রিকভারী এক্সট-১৯১৩, কম্বার্টিবিলিটি অব কারেসী-১৯৯৩, লিমিটেশন এক্সট-১৯০৮, কোজুড়ারী ও দেওয়ানী আইন, সিআইবি-১৯৯২ এবং স্ট্যাম্প এক্সট-১৯৯৮।
- (৫) বাংলাদেশ কৃষি ব্যাংক কর্মচারী চাকুরী প্রবিধান-২০০৮।
- (৬) Foreign Exchange Control Regulation Act, Guidelines or Foreign Exchange Transaction Vol-1 and 11 কর্তৃক ইস্যুকৃত Public Notice Import & Export Act-১৯৫০, Import Policy Order-২০১৫-২০১৮, Export Policy Order-২০১৫-২০১৮।
- (৭) ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের উপর অর্পিত ক্ষমতা (Delegation Of Administrative Power, Financial Power, Business Power) ইত্যাদির মাধ্যমে বিভিন্ন পর্যায়ের নির্বাহী ও কর্মকর্তাদের মধ্যে ক্ষমতা বিন্যাস বা বিকেন্দ্রীকরণ।
- (৮) সময়ে সময়ে অর্থ মন্ত্রণালয় ও বাংলাদেশ ব্যাংকের জারীকৃত প্রজ্ঞাপণ।
- (৯) বিভিন্ন ম্যানুয়েল ও পরিপত্র।
- (১০) বিশ্বব্যাংক, সরকার ও বাংলাদেশ ব্যাংকের যৌথ উদ্যোগে প্রণীত বিভিন্ন কার্যাবলী (ESRP, PPS, NLLC, LRA, MIS, FSS) সম্পাদনে সঠিকতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে বিভিন্ন তদারকি ও পদ্ধতি প্রচলিত থাকলেও নিয়ন্ত্রণ ও পরিপালন ব্যবস্থার কোন সুনির্দিষ্ট চেকলিষ্ট না থাকায় অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ সংক্রান্ত বাংলাদেশ কৃষি ব্যাংকের মাঠ পর্যায় হতে প্রধান কার্যাবলয় পর্যন্ত ব্যাংকের যাবতীয় কর্মকার্তের মনিটরিং পরিপালনের সুনির্দিষ্ট চেকলিষ্টসমূহ অত্র ম্যানুয়েলে সংযোজন করা হয়েছে।
- (১১) ব্যাংকের বিদ্যমান ব্যবস্থাকে অধিকতর স্বচ্ছ যুগেয়োগী ও জবাবদিহিতামূলক করার উদ্দেশ্যে এবং নিয়ন্ত্রণ নির্দেশাবলী যথাযথভাবে পরিপালন ও সঠিকভাবে মনিটরিং এর নিমিত্তে এবং তাৎপর্যপূর্ণ নীতিমালার কার্যকারিতা পরিপালনের উদ্দেশ্যে বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্যদের একটি অভিট কমিটি, একটি ব্যবস্থাপনা কমিটি (MCC) এবং একটি ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি রয়েছে। এছাড়া পরিপালন ইউনিট, মনিটরিং ইউনিট এবং নিরীক্ষা ও পরিদর্শন ইউনিট রয়েছে।

৩.০১ পরিচালনা পর্যবেক্ষণ ও পর্যদের কার্যাবলী :

বাংলাদেশ কৃষি ব্যাংক (বিকেবি) রাষ্ট্র মালিকানাধীন একটি ব্যাংকিং প্রতিষ্ঠান। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এ ব্যাংকের পরিচালনা পর্যবেক্ষণ গঠন করে থাকে। ১১(এগার) সদস্য বিশিষ্ট এ পরিচালনা পর্যদের ৮(আট) জনই (ব্যবস্থাপনা পরিচালকসহ) সরকারি চাকুরীজীবি এবং চেয়ারম্যানসহ অপর ৩(তিনি) জন সদস্য বেসেরকারি জনপ্রতিনিধি। পরিচালনা পর্যবেক্ষণ ব্যাংকের নীতিমালা প্রণয়ন করে থাকে। ১৯৭৩ সনের রাষ্ট্রপতির অধ্যাদেশ নং-২৭ মোতাবেক ব্যাংকের কাজকর্ম, ব্যবসা, সার্বিক পরিচালনা ও প্রশাসনের দায়িত্ব পরিচালনা পর্যদের উপর অর্পিত হয়েছে এবং ব্যাংক যে সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করতে সক্ষম পরিচালনা পর্যবেক্ষণ সে সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করতে পারবেন।

উপরোক্ত আদেশের ৬২(ধারার (২) উপধারায় প্রদত্ত বিধান অনুযায়ী " পরিচালনা পর্যবেক্ষণ এর কার্যাবলী সম্পাদনকালে ব্যবসায়িক দৃষ্টিভঙ্গীর দ্বারা পরিচালিত হলেও কৃষি ও কৃষি উন্নয়ন, পল্লী ও শহরাঞ্চলের স্থূল ও কুটির শিল্পের স্বার্থসহ সাধারণ জনস্বার্থের প্রতি অবশ্যই যথাযথ লক্ষ্য রাখবেন এবং নীতিনির্ধারণ সংক্রান্ত ব্যাপারে এই পর্যবেক্ষণ সরকার কর্তৃক প্রদত্ত নির্দেশাবলী দ্বারা পরিচালিত হবেন, কোন একটি প্রশ্ন, নীতি সংক্রান্ত প্রশ্ন কিনা তাহার নিরংকৃত বিচারক হচ্ছেন সরকার।"

৩.০২ বাংলাদেশ কৃষি ব্যাংক অডিট কমিটির কার্যপরিধি :

(ক) বাংলাদেশ কৃষি ব্যাংক অডিট কমিটিঃ

ব্যাংক কোম্পানীর কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে পরিচালনা পর্যবেক্ষণ কর্তৃক প্রণীত কৌশল বাস্তবায়নে কার্যকর ভূমিকা পালন ও পরিচালনা পর্যবেক্ষণ সার্বিক পরিবীক্ষণ দায়িত্ব সুচারূপে সম্পন্ন করার জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্যবেক্ষণ আওতায়।

"বাংলাদেশ কৃষি ব্যাংক অডিট কমিটি" নামে একটি অডিট কমিটি রয়েছে।

(খ) বাংলাদেশ কৃষি ব্যাংক অডিট কমিটির সাংগঠনিক কাঠামো :

০৩ (তিনি) সদস্য বিশিষ্ট বাংলাদেশ কৃষি ব্যাংক অডিট কমিটির সাংগঠনিক কাঠামো নিম্নরূপঃ

- ০১. পরিচালনা পর্যবেক্ষণ কর্তৃক মনোনীত একজন পরিচালক (জ্যেষ্ঠ)
- ০২. পরিচালনা পর্যবেক্ষণ কর্তৃক মনোনীত ২(দুই) জন পরিচালক
- ০৩. সচিব, পর্যবেক্ষণ সচিব

চেয়ারম্যান

সদস্য

সদস্য সচিব

(গ) বাংলাদেশ কৃষি ব্যাংক অডিট কমিটির দায়িত্ব ও কর্তব্য :

অডিট কমিটির মূল দায়িত্ব নিম্নে উল্লেখ করা হলোঃ

- অ. অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা ;
- আ. আর্থিক প্রতিবেদন প্রকাশ ;
- ই. অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রমের মূল্যায়ন ;
- ঈ. বহিঃ নিরীক্ষা পর্যালোচনা ;
- উ. বিদ্যমান আইন ও বিধিবিধানের পরিপালন ;
- ঝ. বিবিধ।

(অ) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থাঃ

(১) ব্যাংকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার বিষয়ে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ একটি উপযুক্ত পরিপালন কৃষ্ণ (Compliance Culture) গড়তে সক্ষম হয়েছে কিনা এবং ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীগণকে তাদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে স্পষ্ট নির্দেশনা দেয়া হয়েছে কিনা এবং তাদের কাজের উপর পূর্ণ নিয়ন্ত্রণ বজায় রয়েছে কিনা তা অডিট কমিটি মূল্যায়ন করবে।

(২) ব্যাংকের কম্পিউটারাইজেশন ব্যবস্থা এবং এর ব্যবহারসহ একটি উপযুক্ত তথ্য ব্যবস্থাপনা পদ্ধতি (Management Information Systems) এর ব্যাপারে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত সকল কার্যক্রম অডিট কমিটি পর্যালোচনা করবে।

(৩) ব্যাংকের অভ্যন্তরীণ ও বহিঃ নিরীক্ষকগণ কর্তৃক অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ কৌশল/কাঠামো গড়ার ব্যাপারে সময়ে সময়ে প্রণীত সুপারিশমালা ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ পরিপালন করছে কিনা তা অডিট কমিটি বিবেচনা করবে।

(৪) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও বহিঃ নিরীক্ষকগণ ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের পরিদর্শন দল কর্তৃক উদঘাটিত জালজালিয়াতি, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থায় দুর্বলতা চিহ্নিতকরণ ও গৃহীত সংশোধনমূলক ব্যবস্থাদি কমিটি পর্যালোচনাপূর্বক নিয়মিতভাবে পরিচালনা পর্যবেক্ষণকে অবহিত করবে।

(আ) আর্থিক প্রতিবেদন প্রকাশঃ

১) বার্ষিক আর্থিক প্রতিবেদন সমূহে পূর্ণাঙ্গ ও যথাযথ তথ্যের প্রকাশ ঘটেছে কিনা এবং আর্থিক বিবরণী প্রস্তুতের ক্ষেত্রে দেশে প্রচলিত বিধিবিধান ও হিসাবমান এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক এ বিষয়ে নির্দেশিত হিসাবমান অনুযায়ী সম্পন্ন হয়েছে কিনা তা অডিট কমিটি যাচাই করবে।

২) আর্থিক বিবরণীসমূহ চূড়ান্ত করার পূর্বে বহিঃ নিরীক্ষকগণ এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সংগে অডিট কমিটি মত বিনিময় করবেন।

(ই) অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রমের মূল্যায়নঃ

১) অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম ব্যাংক ব্যবস্থাপনা হতে স্বাধীনভাবে পরিচালিত হচ্ছে কিনা তা অডিট কমিটি মূল্যায়ন করবে।

২) অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যাবলী ও সাংগঠনিক কাঠামো পর্যবেক্ষণের অডিট কমিটি পর্যালোচনা করবে এবং কোন অন্যায় বাধা বা সীমাবদ্ধতা যেন নিরীক্ষা কার্যক্রমে বিষ্ণু সৃষ্টি না করে তা নিশ্চিত হবে।

৩) কমিটি অভ্যন্তরীণ নিরীক্ষার দক্ষতা ও কার্যকারিতা যাচাই করবে।

৪) অভ্যন্তরীণ নিরীক্ষকগণ কর্তৃক উদঘাটিত অনিয়ম দুর্বলতকরণের ব্যাপারে এবং ব্যাংকের কার্যাবলী পরিচালনায় তাঁদের পর্যবেক্ষণ/সুপারিশমালা ব্যবস্থাপনা কর্তৃপক্ষ যথাযথভাবে বিবেচনা করছে কিনা তাও অডিট কমিটি যাচাই করবে।

(ঈ) বহিঃনিরীক্ষা পর্যালোচনাঃ

১) ব্যাংকের বহিঃনিরীক্ষকগণের সম্পাদিত নিরীক্ষণ কার্যক্রম ও নিরীক্ষা প্রতিবেদন অডিট কমিটি পর্যালোচনা করবে।

২) বহিঃনিরীক্ষকগণের দ্বারা উদঘাটিত অনিয়ম নিয়মিতকরণের ব্যাপারে এবং ব্যাংকের কার্যাবলী পরিচালনায় তাঁদের পর্যবেক্ষণ/সুপারিশমালা ব্যবস্থাপনা কর্তৃপক্ষ যথাযথভাবে বিবেচনা করছেন কিনা তা অডিট কমিটি যাচাই করবে।

৩) ব্যাংকের নিরীক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য বহিঃনিরীক্ষক নিয়োগের বিষয়ে অডিট কমিটি পর্যবেক্ষণ পেশ করবে।

(উ) বিদ্যমান আইন ও বিধিবিধানের পরিপালন:

নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ (কেন্দ্রীয় ব্যাংক ও অন্যান্য সংস্থা) কর্তৃক প্রগতি বিধিবিধান এবং ব্যাংকের পরিচালনা পর্যবেক্ষণ কর্তৃক অনুমোদিত অভ্যন্তরীণ বিধিবিধান যথাযথভাবে পরিপালিত হচ্ছে কিনা তা অডিট কমিটি পর্যালোচনা করবে।

(ঝ) বিবিধ:

- ১) অভ্যন্তরীণ নিরীক্ষক, বহিঃ নিরীক্ষক ও বাংলাদেশ ব্যাংক পরিদর্শন দল কর্তৃক উদঘাটিত ভুলক্রটি, জালজালিয়াতি ও অন্যান্য অনিয়ম নিয়মিতকরণের ব্যাপারে অডিট কমিটি ত্রৈমাসিক ভিত্তিতে পরিচালনা পর্যবেক্ষণ পেশ করবে।
- ২) কমিটি কর্তৃক যাচিত হলে অভ্যন্তরীণ ও বহিঃনিরীক্ষকগণ সংশ্লিষ্ট বিষয়ে মূল্যায়ন প্রতিবেদন দাখিল করবে।
- ৩) কমিটি পর্যবেক্ষণ কর্তৃক যাচিত অন্যান্য তত্ত্বাবধান কার্যক্রম এবং নিয়মিতভাবে কমিটির স্বীয় দক্ষতার মূল্যায়ন করবে।

(ঞ) অডিট কমিটির সভা আহবান:

- ১) কমিটি বৎসরে কমপক্ষে ৪টি এবং প্রয়োজনবোধে যে কোন সময় সভা অনুষ্ঠানের ব্যবস্থা করতে পারবে।
- ২) কমিটি প্রয়োজনবোধে ব্যাংকের প্রধান নির্বাহী, অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রমের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বা অন্য যে কোন কর্মকর্তাকে কমিটির সভায় অংশ গ্রহণের জন্য আহবান করতে পারবে।
- ৩) কমিটির সদস্যগণ যাতে প্রতি সভায় কার্যকরভাবে অংশগ্রহণ করে অবদান রাখতে পারেন সে লক্ষ্যে প্রতিটি সভা অনুষ্ঠানের আগেই আলোচনার বিষয়বস্তু ও প্রয়োজনীয় তথ্য কমিটির সদস্যগণের নিকট সরবরাহ নিশ্চিত করতে হবে।
- ৪) কমিটির সকল সুপারিশ/পর্যবেক্ষণ কার্যবিবরণী আকারে লিপিবদ্ধ করতে হবে।

৩.০৩ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের দায়িত্ব (Responsibilities of the Management):

প্রতিষ্ঠানের মধ্যে একটি শক্তিশালী নিয়ন্ত্রণ কাঠামো স্থাপন করার ব্যাপারে ব্যবস্থাপনা পরিচালকের ভূমিকা অভ্যন্তরীণ গুরুত্বপূর্ণ। ব্যাংকের পরিচালনা পর্যবেক্ষণ সিনিয়র ম্যানেজমেন্ট টীম (Senior Management Team) গঠন করবেন। যে কর্মকর্তা নীতিমালা প্রণয়ন সংক্রান্ত কাজের দায়িত্বে এবং ব্যবসা ইউনিটের প্রধান হিসাবে দায়িত্বরত আছেন তিনিও এ SMT এর সদস্য হতে পারবেন। তবে আইসিসির অডিট বিষয়ক কোন নির্বাহীকে এ SMT এর সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা যাবে না। ব্যাংক এ নির্বাহী কমিটি গঠন করে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং নীতি ও প্রবিধি বিভাগে জানিয়ে দিবে।

৩.০৩.১ সিনিয়র ম্যানেজমেন্ট টীমের কার্যাবলি (Functions of Senior Management Team):

ব্যাংকের বিদ্যমান নীতিমালা ও পদ্ধতির উপর প্রতিষ্ঠিত অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার কার্যকারিতা এবং সঠিকভা মূল্যায়ন ও পর্যবেক্ষণ করার দায়িত্ব পালন করবে Senior Management Team (SMT)। SMT ব্যাংকের নিয়ন্ত্রণ ব্যবস্থার সামগ্রিক কার্যকারিতা বাংলাদেশ প্রতিষ্ঠিত পরিচালনা করে পরিচালনা পর্যবেক্ষণ নিকট অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ নীতিমালা, অনুশীলন ও পদ্ধতি সংক্রান্ত বাংলাদেশ প্রতিষ্ঠিত একটা সার্টিফিকেট প্রদান করবে। ব্যাংক ব্যবস্থাপনা, পর্যবেক্ষণ অভিক্ষেপ কর্তৃপক্ষ নিকট পর্যবেক্ষণ করতে পারবে। ব্যাংকের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নিরীক্ষক দলকে সমৃদ্ধ করবে। বাংলাদেশ ব্যাংক ও অর্থ মন্ত্রণালয়ের আইন নিয়মকানুন মেনে চলার বিষয়টি ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নির্দিষ্ট করবে।

৩.০৮ ম্যানেজমেন্ট ইনফরমেশন সিষ্টেমস (এমআইএস) তথ্যঃ

একটি কার্যকর অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার জন্য প্রয়োজন একটি দক্ষ তথ্য রিপোর্টিং ব্যবস্থা যা সিদ্ধান্ত গ্রহণের জন্য জরুরী। এ সব তথ্যসমূহ হবে নির্ভরযোগ্য, সময়োপযোগী এবং সামঞ্জস্যপূর্ণ।

- সিদ্ধান্ত গ্রহণের জন্য প্রাসঙ্গিক বহিঃ বাজার সংক্রান্ত ঘটনা ও অবস্থান সংক্রান্ত তথ্য ও তথ্য ভাস্তবে সন্তুষ্টিপূর্ণ করতে হবে। আর্থিক, পরিচালন ও পরিপালনগত উপাসনসমূহ অভ্যন্তরীণ তথ্যভাস্তবে অন্তর্ভুক্ত করতে হবে।
- বিভিন্ন তথ্য ব্যবস্থার মাধ্যমে প্রাণ্ত তথ্যটপ্টপান্তসমূহ মূল্যায়ন করার জন্য সংগঠনের মধ্যে একটা উপযুক্ত কমিটি থাকতে হবে। এ কমিটি নির্ভুল ও সঠিক তথ্য প্রবাহকে নিশ্চিত করবে।
- ব্যাংকের সকল গুরুত্বপূর্ণ কার্যক্রমগুলো অভ্যন্তরীণ তথ্য ভাস্তবে সন্তুষ্টিপূর্ণ করতে হবে। ইলেক্ট্রনিক উপাসনগুলো হবে সুরক্ষিত, স্বাধীনভাবে মনিটরিং করা এবং ঘটনা নির্ভর ব্যবস্থা দ্বারা সমর্থিত।
- ব্যাংকের সকল কর্মী তাদের উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য সংক্রান্ত নীতিমালা ও পদ্ধতিসমূহ ভাস্তবে বুঝাতে পেরেছে-তা নিশ্চিত করতে হবে।

৩.০৫ ইন্টারনাল কন্ট্রোল সিষ্টেম মূল্যায়নে বহিঃনিরীক্ষকদের ভূমিকাঃ

- ব্যাংক ব্যবস্থাপনার বাইরের বহিঃ নিরীক্ষকরা তাদের নিজস্ব স্বাধীনতা অনুযায়ী ব্যাংকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার সবলতা ও দুর্বলতার বিষয়ে সুপারিশ প্রদান করবে এবং ব্যবস্থাপনা রিপোর্টে প্রাণ্ত তথ্যাদি দাখিল করবে।
- বহিঃনিরীক্ষকগণ ব্যাংকের রেকর্ড ও লেনদেনসমূহ পরীক্ষা করবে এবং হিসাবরক্ষণ সংক্রান্ত নীতিমালা, প্রকাশনীতি এবং ব্যাংক কর্তৃক আর্থিক প্রাকলন পদ্ধতি মূল্যায়ন করবে। ব্যাংকের সামগ্রিক নিয়ন্ত্রণ ব্যবস্থাকে স্বাধীনভাবে পর্যালোচনা করার জন্য বোর্ড ও ব্যবস্থাপনাকে সহায়তা করবে।

৩.০৬ বিরোধ নিষ্পত্তি (Dispute Settlement):

ICCD ও অডিট ডিভিশনের মধ্যে কোন অমিমাংসিত ইস্যু বিদ্যমান থাকলে তা মীমাংসার জন্য পরিচালনা পর্যবেক্ষণে প্রেরণ করা যেতে পারে। প্রয়োজন হলে তা মীমাংসার জন্য বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা যেতে পারে।

৩.০৭ বাংলাদেশ কৃষি ব্যাংক বুঁকি ব্যবস্থাপনা কমিটি :

ব্যাংকিং ব্যবস্থা বুঁকি নির্ভর, ব্যাংকিং ব্যবসায় জড়িত বিভিন্ন বুঁকি নিয়ন্ত্রণ করে কাংখিত ফলাফল অর্জনের লক্ষ্যে ব্যাংকে একটি কার্যকর ও যুগেযোগী বুঁকি ব্যবস্থাপনা নীতিমালা থাকা আবশ্যক। ব্যাংকে বুঁকি ব্যবস্থাপনা প্রবর্তনের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক বিভিন্ন সময়ে দিক নির্দেশনা ও পরামর্শ প্রদান করে থাকে। ব্যাংকিং ব্যবসায় উন্নত বুঁকি বিশ্বেষণ ও হাসকরণে কার্যকর পদক্ষেপ গ্রহণ এবং ব্যাংকিং খাতের নিরাপদ স্থিতিশীল অবস্থা সংরক্ষণে ব্যাংকের নির্দেশনা মোতাবেক বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্যবেক্ষণে কর্তৃত প্রণীত কৌশল ও কর্মপরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে উন্নত ও সন্তুষ্য বুঁকি হাসের কার্যকর ভূমিকা পালনের নিমিত্ত অত্র ব্যাংকের পরিচালনা পর্যবেক্ষণ ০৩(তিনি) জন পরিচালক সমন্বয়ে "বাংলাদেশ কৃষি ব্যাংক বুঁকি ব্যবস্থাপনা কমিটি" নামে একটি বুঁকি ব্যবস্থাপনা কমিটি রয়েছে।

(খ) বাংলাদেশ কৃষি ব্যাংক বুঁকি ব্যবস্থাপনা কমিটির সাংগঠনিক কাঠামো :

০৩ (তিনি) সদস্য বিশিষ্ট বাংলাদেশ কৃষি ব্যাংক বুঁকি ব্যবস্থাপনা কমিটির সাংগঠনিক কাঠামো নিম্নরূপঃ

০১.	পরিচালনা পর্যবেক্ষণে কর্তৃক মনোনীত একজন পরিচালক (জ্যেষ্ঠ)	চেয়ারম্যান
০২.	পরিচালনা পর্যবেক্ষণে কর্তৃক মনোনীত ২(দুই) জন পরিচালক	সদস্য
০৩.	সচিব, পর্যবেক্ষণে কর্তৃক মনোনীত বিভাগ	সদস্য সচিব

বুঁকি ব্যবস্থাপনা কমিটি বছরে ন্যূনতম ৪(চার)টি সভা করে থাকেন।

ব্যাংকের সকল কাজের বুঁকি নির্ধারণ এবং তা নিয়ন্ত্রণের জন্য যথাযথ কৌশল প্রণয়ন ও তার প্রয়োগ নিশ্চিত করা এ কমিটির মূল দায়িত্ব। তাছাড়া ব্যাংকের বুঁকি ব্যবস্থাপনা নীতি ও পদ্ধতি পরিবীক্ষণ ও নিশ্চিত করার জন্য প্রয়োজনবোধে সংশোধনের ব্যবস্থা করবে।

উল্লেখ্য, ব্যাংকের ১(এক)জন উপব্যবস্থাপনা পরিচালকের নেতৃত্বে ১৯(উনিশ) সদস্য বিশিষ্ট একটি বুঁকি ব্যবস্থাপনা ইউনিট রয়েছে। বুঁকি ব্যবস্থাপনা বিভাগের উপমহাব্যবস্থাক উক্ত ইউনিটের সদস্য সচিব হিসেবে কাজ করে থাকেন। প্রতি মাসে বুঁকি ব্যবস্থাপনা ইউনিট এর ১(এক)টি সভা অনুষ্ঠিত হয়ে থাকে। সভার কার্যবিবরণী বাংলাদেশ ব্যাংকের ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন বিভাগে সংশ্লিষ্ট মাসের শেষ কার্যদিবসের মধ্যে প্রেরণ করতে হয়।

অধ্যায়-৪

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ নীতিমালা

৪.০১ নিয়ন্ত্রণ কার্যক্রম ও দায়িত্ব বিভাজনঃ (Control activities & segregation of duties):

একটি কার্যকর অভ্যন্তরীণ নিয়ন্ত্রণমূলক ব্যবস্থার জন্য একটি যথাযথ নিয়ন্ত্রণ কাঠামো অপরিহার্য। নিয়ন্ত্রণমূলক কাঠামোয় ব্যাংকের উচ্চ পর্যায় হতে নিম্ন পর্যায় পর্যন্ত সুনির্দিষ্ট দায়িত্ব বণ্টন ও কর্মবিভাজন থাকবে। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণমূলক কার্যক্রম ২টি স্তরের সমন্বয়ে গঠিতঃ

(১) নিয়ন্ত্রণমূলক নীতিমালা ও পদ্ধতি প্রতিষ্ঠা করা।

(২) নিয়ন্ত্রণমূলক নীতিমালা ও পদ্ধতিগুলো যথাযথভাবে পরিপালিত হচ্ছে কিনা তা যাচাই ও নিশ্চিত করা।

একটি নিয়ন্ত্রণমূলক কার্যকর ব্যবস্থা ঢালু করার লক্ষ্যে ব্যাংক কর্তৃপক্ষ ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদের জন্য নিয়ন্ত্রণমূলক কার্যক্রম যথাযথভাবে পালন করাকে তাদের দৈনন্দিন কাজের অপরিহার্য অংশ হিসেবে গণ্য করবে।

যথার্থ এবং সুষ্ঠুভাবে দায়িত্ব বণ্টন করে দেয়া কার্যকর নিয়ন্ত্রণ ব্যবস্থার আরেকটি গুরুত্বপূর্ণ দিক। পরস্পরবিবোধী দায়িত্ব গুলো (conflicting responsibilities) কখনোই একজনের উপর অর্পন করা যাবে না। একটি পৃথক মনিটরিং ব্যবস্থার মাধ্যমেই পরস্পরবিবোধী বিষয়গুলো চিহ্নিত করে এবং তাহাস করার করার জন্য যথাযথ কর্মবিবরণের মাধ্যমে দায়িত্ব বণ্টন করে দিতে হবে।

৪.০২ মনিটরিং কার্যক্রমের দুর্বলতা দূরীকরণ (Correcting deficiencies of monitoring activities) :

ব্যাংকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার কার্যকারিতা নিয়মিতভাবে মনিটর করতে হবে। দৈনন্দিন কার্যক্রমের অংশ হিসেবে ব্যাংকের প্রধান/উচ্চ খুঁকিপূর্ণ বিষয়গুলো চিহ্নিত করে তা মনিটর করতে হবে। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অভ্যন্তরীণ নিরীক্ষা এবং পরিদর্শন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য একটি পরিকল্পিত কর্মপরিকল্পনা প্রস্তুত করতে হবে।

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণের সীমাবদ্ধতাসমূহ ব্যাংকের উর্ধ্বতন কর্তৃপক্ষ পর্যবেক্ষণ অবহিত করবে। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টীম (ICT) মহাব্যবস্থাপক অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ডিভিশন/ব্যবস্থাপনা পরিচালক এর নিকট গুরুত্বপূর্ণ ক্রিটিভিচুলি অবহিত করে তা নিরসনের জন্য সুপারিশ করবে।

পরিচালনগত দিক থেকে স্বাধীন (Operationally independent), যথাযথভাবে প্রশিক্ষণ প্রাপ্ত (Appropriately trained) ও উপযুক্ত (Competent) কর্মীগণকে প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা ডিভিশনের আওতায় একটি কার্যকর এবং সমন্বিত অভ্যন্তরীণ নিরীক্ষা/পরিদর্শন কর্মসূচির সাথে সম্পৃক্ত করতে হবে।

৪.০৩ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নির্দেশনা পরিপালন (Regulatory compliance):

কোন কার্য পরিচালনা করার আগে ব্যাংক অবশ্যই তার নিজস্ব অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা নিয়মনীতি অনুযায়ী পরিচালিত হচ্ছে কিনা তা যাচাই করে নিবে। বিকেবির প্রাথমিক নিয়ন্ত্রক হলো কেন্দ্রীয় ব্যাংক বা বাংলাদেশ ব্যাংক। বাংলাদেশ কৃষি ব্যাংকের জালজালিয়াতি/ প্রতারণামূলক কার্যক্রম প্রতিরোধের জন্য ব্যাংকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থাপনার স্বল্পল্যায়ন প্রসংগে ত্রৈমাসিক ভিত্তিতে প্রস্তুতকৃত প্রতিবেদনের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন সংক্রান্ত ৭২ং অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী অভ্যন্তরীণ নিরীক্ষক দলের জন্য Admonitor/Reproving অর্থাৎ ব্যাংকের অভ্যন্তরে জালজালিয়াতি উদ্ঘাটনে সমর্থ হলে পুরকার ও ব্যর্থ হলে শাস্তি আরোপের ব্যবস্থা থাকবে। ব্যাংকের অভ্যন্তরে নিরীক্ষা দল কর্তৃক নিরীক্ষা পরিচালনাকালে কোন গুরুতর অনিয়ম, প্রতারণা ও জালজালিয়াতি ঘটনা উদ্ঘাটনে ব্যর্থ হলে বা অভিযুক্তের সাথে সমরোতার মাধ্যমে কোন তথ্য গোপন করলে তা নিরীক্ষা দলের ব্যর্থতা, দায়িত্ব ও কর্তব্য পালনে গুরুতর অবহেলা এবং অদম্বৰ্ত্ত্ব হিসেবে গণ্য হবে। অভ্যন্তরীণ নিরীক্ষা দলের বিবরণে এ ধরনের কোন অভিযোগ উপস্থিত হলে এবং অধিকতর তদন্মেষে তা সন্দেহাতীত ভাবে প্রমাণিত হলে দায়ী কর্মকর্তা/কর্মচারীর বিবরণে পদবর্যাদার ভিত্তিতে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রশাসনিক ব্যবস্থা গ্রহীত হবে। সুতরাং এসব নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নির্দেশনা বা নিয়ন্ত্রণমূলক পরিবর্তন সংক্রান্ত তথ্যগুলো নিয়মিতভাবে সংগ্রহ, সংরক্ষণ ও পরিপালনের জন্য প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ/অন্যান্য সকল বিভাগ/কার্যালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবে। যাতে করে পরিবর্তিত অবস্থার সাথে মানিয়ে নেয়ার জন্য দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে।

৪.০৪ পরিপালন সংস্কৃতি লালন (Establishment of compliance culture):

ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এবং পরিচালনা পর্যবেক্ষণ একটি নৈতিক আচরণবিধি প্রস্তুত করবে এবং সকল কর্মকর্তা/কর্মচারী আচরণ বিধি পরিপালনের জন্য তাতে স্বাক্ষর প্রদান করবে। পরিচালনা পর্যবেক্ষণ এবং উর্ধ্বতন ব্যবস্থাপনা এমন একটি প্রাতিষ্ঠানিক পরিবেশ গড়ে তুলবে যেখানে পরিপালন সংস্কৃতিসহ কর্মকর্তা/কর্মচারীদের নীতিনির্ণেক্তিকর্তার এবং সততার উন্নততর অবস্থার প্রতিফলন ঘটবে। একটি শক্তিশালী পরিপালন সংস্কৃতিই সর্বনিম্ন পর্যায়ের কর্মীকে ও তার অসম্মতায় এবং ক্ষেত্রের বিষয়ে নির্ভরযোগ্য কথা বলার ক্ষমতা প্রদান করবে।

৪.০৫ ম্যানেজমেন্ট রিপোর্টিং সিস্টেম (Management reporting system):

ব্যাংকের গুরুত্বপূর্ণ সকল কর্মকান্তই অভ্যন্তরীণ তথ্যগুলোতে সন্নিবেশিত থাকবে। সিদ্ধান্ত গ্রহণ বা নীতিমালা প্রণয়ন সহায়ক তথ্যসমূহের জন্য ব্যাংকে একটি কার্যকর রিপোর্টিং সিস্টেম থাকবে, যা অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থাকে আরও কার্যকর করে তুলবে। এ তথ্যগুলো নির্ভরযোগ্য সময়ে চিহ্নিত এবং সামঞ্জস্যপূর্ণ ধারাবাহিক ফরমেটে সরবরাহকৃত থাকবে। এ অভ্যন্তরীণ তথ্যগুলোতে ব্যাংকের

আর্থিক, পরিচালন ও পরিপালনগত বিষয় অন্তর্ভুক্ত থাকবে। ব্যাংকের বিভিন্ন মাধ্যম থেকে প্রাণ তথ্যগুলোকে মূল্যায়ন করার জন্য একটি উপযুক্ত কমিটি থাকবে। এ কমিটি সঠিক এবং নির্ভুল তথ্য সরবরাহের বিষয়টি ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে নিশ্চিত করবে। ব্যাংকের অভ্যন্তরে এমন একটি যোগাযোগ মাধ্যমে প্রতিষ্ঠা করতে হবে যার মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীগণ তাদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে সম্পূর্ণ সচেতন থাকবে এবং কর্মচারীগণ এ সংক্রান্ত সকল নীতিমালা ও পদ্ধতি সম্পর্কে যথারীতি অবহিত থাকবে।


অধ্যায়-৫

সাংগঠনিক কাঠামো

৫.০১ ৪ অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন(ICC) এর সাংগঠনিক কাঠামোঃ ব্যাংকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ব্যবস্থাকে কার্যকর করার জন্য একটি পৃথক সাংগঠনিক কাঠামো থাকা প্রয়োজন। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন আইসিসিডি-এর প্রধান (The Head of ICCD) হিসাবে ব্যাংকের প্রধান নির্বাহী অধীন ব্যবস্থাপনা পরিচালকের দ্বাইপ নিচের পদাধিকারী একজন মহাব্যবস্থাপক দায়িত্ব পালন করবেন। যার তত্ত্বাবধানে পরিপালন ইউনিট ও মনিটরিং ইউনিট এর দায়িত্ব অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন বিভাগের উপমহাব্যবস্থাপক এর উপর ন্যস্ত থাকবে। তিনি আইসিসিডির প্রধান মহাব্যবস্থাপক এর নিকট দায়বদ্ধ থাকবেন এবং তাঁর দ্বারা মূল্যায়িত হবেন। ব্যাংকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন-এর প্রধান মহাব্যবস্থাপক ব্যাংকের উর্ধতন ব্যবস্থাপনা কর্তৃপক্ষ/ব্যবস্থাপনা পরিচালক এর নিকট দায়বদ্ধ থাকবেন এবং মূল্যায়িত হবেন।

ব্যাংকের নিরীক্ষা ইউনিট প্রশাসনিকভাবে আইসিসিডি প্রধান মহাব্যবস্থাপকএর নিয়ন্ত্রণাধীন থাকবে এবং তাঁর তত্ত্বাবধানে প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-১ এর অধীনে নিরীক্ষা ইউনিটের বহিনিরীক্ষার দায়িত্ব এবং প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-২ এর অধীনে নিরীক্ষা ইউনিটের অভ্যন্তরীণ নিরীক্ষার দায়িত্ব থাকবে। তাঁরা ব্যাংকের সংশ্লিষ্ট প্রতিবেদন/নিরীক্ষা কার্যক্রম আইসিসিডি'র প্রধান মহাব্যবস্থাপক এর মাধ্যমে পর্যবেক্ষণ ও পর্যবেক্ষণ পর্যবেক্ষণ অডিট কমিটির নিকট উপস্থাপন করবেন। নিরীক্ষা ডিভিশন প্রধানের পর্যবেক্ষণ অডিট কমিটির নিকট Full and free access থাকবে এবং পর্যবেক্ষণ অডিট কমিটির নিকট দায়বদ্ধ থেকে সরাসরি প্রতিবেদন দাখিল করবেন।

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার জন্য ব্যাংকের উর্ধতন ব্যবস্থাপনা কর্তৃপক্ষ/ব্যবস্থাপনা পরিচালক ও পর্যবেক্ষণ অডিট কমিটি ব্যাংকের পরিচালনা পর্যবেক্ষণ করবেন। ব্যাংকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন কার্যক্রম পরিচালনার নিমিত্ত প্রধান কার্যালয়সহ মাঝ পর্যায়ের বিভিন্ন কার্যালয় /শাখার জন্য সাংগঠনিক কাঠামো হবে নিম্নরূপঃ



৫.০২ অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন (আইসিসি) এর দায়িত্ব পালনকারী বিভাগসমূহঃ

ক্রঃনং	ইউনিটিসমূহের নাম	দায়িত্বপ্রাপ্ত বিভাগ
ক)	পরিপালন ইউনিট	অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ
খ)	মনিটরিং ইউনিট	অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ
গ)	নিরীক্ষা ইউনিট	প্রয়বেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-১ ও ২

৫.০৩ পরিপালন ইউনিট :

প্রচলিত এবং বিদ্যমান আইনকানুন, নিয়মনীতি, বিধিবিধান, গাইডলাইনস্ ইত্যাদির আলোকে ব্যাংক যথাযথভাবে পরিচালিত হচ্ছে কিনা বা ব্যাংকের সার্বিক কার্যক্রম পরিচালিত হচ্ছে কিনা তা নিশ্চিতকরণই পরিপালন ইউনিটের মূল লক্ষ্য। ব্যাংকের পরিপালন ইউনিট অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগের আওতাভুক্ত একটি ইউনিট। উক্ত বিভাগের বিধি বিধানগত প্রয়োজনীয়তা/নির্দেশিকা পরিপালন হচ্ছে কিনা তা নিশ্চিত করবে। কর্তৃপক্ষের সংগে যোগাযোগ রক্ষা, কোন বিষয়ে ব্যাখ্যা গ্রহণের প্রয়োজন হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট থেকে গ্রহণ ও বিধানগত পরিবর্তনসমূহ অন্যান্য ইউনিটকে অবহিত করবে। পরিপালন ইউনিট এর মূল কাজগুলো হলোঃ

১. সর্বস্তরের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা।
২. কোন বিষয়ে ব্যাখ্যা বা Clarification এর প্রয়োজন হলে তা জেনে নিয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা। বিভিন্ন বিধিবিধান ও নির্দেশনাবলী পরিপালনের কার্যকর পদক্ষেপ গ্রহণ করা এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের যাচিত তথ্যাদি/বিবরণীসমূহ দাখিলের ব্যবস্থা করা।

৫.০৩.০১ পরিপালনের ক্ষেত্রে পরিচালনা পর্যবেক্ষণের দায়িত্ব (Responsibilities of the BOD for compliance):

ব্যাংকের পরিপালন কাজের সামগ্রিক পদ্ধতি পর্যবেক্ষণের দায়িত্ব পরিচালনা পর্যবেক্ষণের উপর ন্যস্ত। একটি কার্যকরী এবং স্থায়ী পরিপালন ব্যবস্থা প্রণয়নের লক্ষ্যে পরিচালনা পর্যবেক্ষণ কর্তৃক অনুমোদিত একটি পরিপালন নীতিমালা থাকা আবশ্যিক। সমগ্র প্রতিষ্ঠানে সততা এবং বিশ্বস্ততার গুরুত্ব অনুধাবনের বিষয়টিও সকলের নিকট পর্যবেক্ষণের অনুধাবন করাতে হবে। তবে বিদ্যমান নীতিমালা যথাযথভাবে প্রয়োগ করে পরিপালন কার্যক্রম কার্যকরী করার লক্ষ্যে পর্যবেক্ষণ তার দায়িত্ব পর্যবেক্ষণ অডিট কমিটির নিকট ন্যস্ত করতে পারবে। অত্র ব্যাংকের পরিচালনা পর্যবেক্ষণ কর্তৃপক্ষ কর্তৃপক্ষের পর্যবেক্ষণ অভিযন্তা হবে।

৫.০৩.০২ পরিপালনের ক্ষেত্রে উর্ধ্বতন ব্যবস্থাপনা কর্তৃপক্ষের দায়িত্ব (Responsibilities of SM for compliance):

ব্যাংকের উর্ধ্বতন ব্যবস্থাপনা কর্তৃপক্ষ প্রতিষ্ঠানের সকল পর্যায়ে পরিপালন বুকি উৎঘাটন এবং নিয়ন্ত্রণের লক্ষ্যে একটি পরিপালন নীতিমালা প্রণয়ন করবে, যা ব্যাংকের পর্যবেক্ষণ/অডিট কমিটি কর্তৃক অনুমোদিত হতে হবে। পরিপালন নীতিমালা প্রণয়নে স্বচ্ছতা থাকতে হবে এবং প্রতিষ্ঠানের/ব্যাংকের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারী এর গুরুত্ব ও তাংপর্য অনুধাবনে সক্ষম হতে হবে। নীতিমালা বাস্তবায়নে ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্টদের বিষয়ে যথাযথভাবে সংশোধনমূলক ও শৃঙ্খলাজনিত কার্যক্রম গ্রহণ নিশ্চিত করতে হবে। উর্ধ্বতন ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে বিদ্যমান নিয়মনীতি, আইনকানুন, প্রচলিত বিধান ইত্যাদিতে কোন অসম্পূর্ণতা আছে কিনা তা খতিয়ে দেখতে হবে। অতিরিক্ত কোন নীতিমালা সংযোজনের প্রয়োজনীয়তা পর্যবেক্ষণের পাশাপাশি প্রয়োজনানুযায়ী বিদ্যমান নিয়মনীতি সংশোধন করতে হবে। নতুন কোন পরিপালন বুকি দেখা গেলে কোন আর্থিক বছরের যে কোন সময়ে উর্ধ্বতন ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃপক্ষের প্রতিষ্ঠানের পরিপালন বুকি নির্ণয় করতে হবে এবং একটি প্রতিবেদন পরিচালনা পর্যবেক্ষণ করতে হবে।

৫.০৪ মনিটরিং ইউনিটঃ

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ হচ্ছে মনিটরিং ইউনিটের দায়িত্বপ্রাপ্ত বিভাগ। উক্ত বিভাগের উপমহাব্যবস্থাপক মনিটরিং ইউনিটের সার্বিক দায়িত্ব পালন করবেন। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ মনিটরিং ইউনিট হিসেবে ব্যাংকের অভ্যন্তরে পরিচালনগত (Operation) কার্যক্রম মনিটরিং এর জন্য দায়ী থাকবেন। অনুমোদিত নীতিমালার সাহায্যে প্রতিটি বিভাগের/শাখার বুকি নির্ধারণের জন্য তারা উপাস্ত সংগ্রহ, বিশ্লেষণ এবং ত্রৈমাসিক অপারেশন রিপোর্ট পর্যালোচনা করবে। মনিটরিং ইউনিট এর মূল কাজগুলো হলোঃ

১. ব্যাংকে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রতিষ্ঠাকরণ।
২. Quarterly Operations Report (QOR) সহ প্রাপ্ত বিভাগ/শাখাসমূহের তথ্য/প্রতিবেদন পর্যালোচনা করা।
৩. আইসিসি বাস্তবায়ন সংক্রান্ত বিভিন্ন বিষয়ে শাখাসমূহকে নির্দেশনা/পরামর্শ প্রদান করা।
৪. Self Assessment of Anti-Fraud Internal Controls প্রতিবেদন প্রস্তুত করা।

৫. Internal Control Team (ICT) এর মাধ্যমে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন (আইসিসি) কার্যক্রম বাস্তবায়ন সম্পর্কিত বিষয়াদি নমুনা যাচাই (Sample Checking) এর ব্যবস্থা করা এবং ব্যাংকের অপারেশন কার্যক্রমে গুরুত্ব প্রদান, ক্রিটিক্যাল পরিলক্ষিত হলে পূর্ণাঙ্গ পরিদর্শন এর সুপারিশ করা।

৫.০৫ **নিরীক্ষা ইউনিট (Audit Unit) :**
 ব্যাংক কোম্পানী আইন-১৯৯১ এর ১৫(গ) অনুযায়ী ব্যাংকের নিরীক্ষা ডিভিশন সম্পূর্ণ স্বাধীন ও ব্যাংকের অন্যান্য ইউনিট থেকে সম্পূর্ণ আলাদা হবে। এ বিভাগ ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিয়ন্ত্রণের বাইরে থেকে সম্পূর্ণ স্বাধীনভাবে দায়িত্ব পালন করবে। নিরীক্ষা ডিভিশন সরাসরি পর্যবেক্ষণ অভিউচ্চ কমিটির নিকট দায়বদ্ধ থাকবে।

৫.০৫.০১ **অভ্যন্তরীণ নিরীক্ষকের ভূমিকা ও দায়িত্ব (Role and responsibilities of internal auditors):**
 অভ্যন্তরীণ নিরীক্ষণ হচ্ছে কোন প্রতিষ্ঠানের পরিচালনগত দিকের উন্নয়ন ও উৎকর্ষতা সাধনের লক্ষ্যে পরিচালিত একটি স্বাধীন, বাস্তবসম্মত নিয়ন্ত্রিত ও উপদেশমূলক কার্যক্রম। উক্ত কার্যক্রম একটি প্রতিষ্ঠানের মূল উদ্দেশ্য অর্জনের ক্ষেত্রে বিধিবদ্ধ নিয়মনীতি পরিপালন নিশ্চিত করে প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা ঝুঁকি নিয়ন্ত্রণ পদ্ধতির উন্নয়ন ঘটায়। ব্যাংকের পরিচালনা পর্যবেক্ষণ এবং পর্যবেক্ষণ অভিউচ্চ কমিটির দ্বারা অনুমোদিত অডিটিং ষ্ট্যান্ডার্ড (Auditing Standard) অনুযায়ী অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রমের চার্টার তথা উদ্দেশ্য, অথোরিটি এবং দায়দায়িত্ব নির্ধারিত হবে। ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষা চার্টার (Internal Audit Charter) এ অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের উদ্দেশ্য, অথোরিটি এবং দায়দায়িত্ব নির্ধারণ করা থাকবে। অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম নিরাপেক্ষ এবং উদ্দেশ্যমূলক হবে।

৫.০৫.০২ **নিরীক্ষা ইউনিট (Audit Unit) এর প্রধান কাজসমূহ:**
 নিরীক্ষা ইউনিট এর দায়িত্ব প্রাণ্ত বিভাগ হচ্ছে প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-১ ও ২। এ বিভাগ ব্যাংকের অভ্যন্তরে নিয়মিত ও বিশেষ নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করবে। নিরীক্ষা ইউনিটের প্রধান কাজসমূহ নিম্নরূপঃ

(১) **নিরীক্ষা পরিকল্পনা প্রণয়ন (Development of audit plan):**

- নিরীক্ষা বিভাগের প্রধানকে প্রতিবছরই সারা বছরের জন্য একটি নিরীক্ষা পরিকল্পনা প্রণয়ন করতে হবে, যা হবে একটি উচ্চ পর্যায়ের নিরীক্ষা পরিকল্পনা এবং যা পর্যবেক্ষণ অভিউচ্চ কমিটি কর্তৃক অনুমোদিত হতে হবে।
- এ পরিকল্পনাটি হবে ঝুঁকিভিত্তিক এবং ক্ষেত্রে স্পর্শকাতর বিষয়সমূহকে আগ্রাধিকার দেয়া হবে।
- নিরীক্ষা কালে উৎসাহিত ক্রিটিভিচুরিংগুলো নিরীক্ষা পরিদর্শন বিভাগ যথাযথ কর্তৃপক্ষের নজরে আনবে এবং গুরুত্বপূর্ণ বিষয়সমূহ পর্যবেক্ষণ অভিউচ্চ কমিটিকে অবহিত করবে।
- (২) হিসাব বইগুলোর সঠিকতা যাচাইকরণ (Verification) কার্যক্রম পরীক্ষা করা।
- (৩) নিরীক্ষা ও পরিদর্শন প্রতিবেদনের গুরুত্বপূর্ণ বিষয়গুলো অভিউচ্চ কমিটিতে উপস্থাপন করা, যাতে অভিউচ্চ কমিটি অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার কার্যকারিতা ও গৃহীত পদক্ষেপ পর্যালোচনা করতে পারে।
- (৪) বৈদেশিক বাণিজ্য অভিউচ্চ ও আইটি অভিউচ্চ পরিচালনাসহ শাখাসমূহের লাইভ অপারেশন নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করা।
- (৫) নিরীক্ষা/পরিদর্শন কার্যক্রমে পরিলক্ষিত বিষয়ের উপর সারসংক্ষেপ (Summary Reports on Audit Finding) প্রস্তুতপূর্বক ব্যবস্থাপনা পরিচালক/অভিউচ্চ কমিটি সমীক্ষে প্রেরণ করা।
- (৬) নিরীক্ষা/পরিদর্শনের উদ্দেশ্য, পরিধি, ক্ষমতা, দায়িত্ব প্রভৃতির বিবরণ সম্বলিত নিরীক্ষা ও পরিদর্শন সম্পর্কিত নীতিমালা গাইডলাইন প্রস্তুত, পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন ও বাস্তবায়ন করা।

৫.০৬ **মনিটরিং ইউনিটের তত্ত্বাবধানে গঠিত অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টীম (ICT) ও এর কার্যপরিধি:**

১.	সহকারী মহাব্যবস্থাপক, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।	সভাপতি
২.	সহকারী মহাব্যবস্থাপক, প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-১, বিকেবি, প্রকা, ঢাকা।	সদস্য
৩.	সহকারী মহাব্যবস্থাপক, প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-২, বিকেবি, প্রকা, ঢাকা।	সদস্য
৪.	উর্ধতন মুখ্য কর্মকর্তা, আইসিটি বিভাগ	সদস্য
৫.	উর্ধতন মুখ্য কর্মকর্তা, আম্তর্জাতিক বাণিজ্য বিভাগ	সদস্য
৬.	উর্ধতন মুখ্য কর্মকর্তা, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।	সদস্য সচিব

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টীমের (ICT) কার্যপরিধি:

১. সাসপেন্স হিসাব, বিবিধ জমা, বিবিধ দেনাদার ও পাওনাদার হিসাব, বিবিধ খরচ হিসাব ইত্যাদি নিয়মিতভাবে তদারকির ব্যবস্থা করা।
২. শাখা প্রধানের নিকট সংরক্ষিত DCFCL পরিদর্শন।
৩. শাখার কর্মকাণ্ডের উপর অপারেশন রিপোর্ট সম্বলিত প্রত্যয়নপত্র (পরিশিষ্ট-৫) শাখা পরিদর্শনকালে পরীক্ষাকরণ।
৪. শাখাসমূহ আকস্মিক পরিদর্শন।
৫. ঝুঁকি রেটিং এর মাধ্যমে DCFCL এর প্রতিটি বিষয়ের উপর ঝুঁকি রেটিং (উর্ধ-৩, মধ্যম-২,নিম-১) নির্ণয় করা।
৬. পরিদর্শনের উপর প্রতিবেদন মনিটরিং বিভাগে দাখিলকরণ এবং প্রতিবেদনের একটি কপি অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ প্রধানের নিকট প্রেরণকরণ।
৭. চিহ্নিত ক্রিটিভিচুরিং সংশোধনের জন্য শাখায় প্রেরণ, অনিয়মসমূহ ব্যবস্থাপনা পরিচালক সমীক্ষে এবং অভিউচ্চ কমিটিতে উপস্থাপন।
৮. সকল ধরণের Regulatory নির্দেশনা গ্রহণ, যথাযথ রেকর্ড সংরক্ষণ ও সংশ্লিষ্টদের নিকট প্রেরণ নিশ্চিতকরণ।

৯. চিহ্নিত ক্রিটিভিচুয়াতি যথাযথ কর্তৃপক্ষের নজরে আনয়ন এবং তাৎপর্যপূর্ণ বিষয়সমূহ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে অবহিতকরণসহ ম্যানুয়েলে উদ্ভৃত পরিপত্রের অন্যান্য নির্দেশাবলি পরিপালন।
১০. Loan Documentation Checklist পর্যালোচনা।

৫.০৭ প্রধান কার্যালয়ের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন সংক্রান্ত তিনটি ইউনিট :

ক)	বিভাগীয় প্রধান (উপমহাব্যবস্থাপক)	সভাপতি
খ)	সহকারী মহাব্যবস্থাপক	সদস্য
গ)	উর্ধতন মুখ্য কর্মকর্তা/মুখ্য কর্মকর্তা	সদস্য সচিব

৫.০৮ স্থানীয় মুখ্য কার্যালয় এর মনিটরিং ও পরিপালন ইউনিট :

১.	বিভাগীয় প্রধান (উপমহাব্যবস্থাপক)	সভাপতি
২.	সহকারী মহাব্যবস্থাপক	সদস্য
৩.	উর্ধতন মুখ্য কর্মকর্তা	সদস্য সচিব

৫.০৯ স্থানীয় মুখ্য কার্যালয় এর নিরীক্ষা ইউনিট :

১.	উপমহাব্যবস্থাপক, প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-১, বিকেবি, প্রকা, ঢাকা।	সভাপতি
২.	উপমহাব্যবস্থাপক, (পরিচালন) স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।	সদস্য
৩.	সহকারী মহাব্যবস্থাপক, প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-১, বিকেবি, প্রকা, ঢাকা।	সদস্য
৪.	উর্ধতন মুখ্য কর্মকর্তা, প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-১, বিকেবি, প্রকা, ঢাকা।	সদস্য সচিব

৫.১০ মাঠ কার্যালয়সমূহের পরিপালন ও মনিটরিং ইউনিট :

ক) বিভাগীয় ইউনিট:	১. উপমহাব্যবস্থাপক ২. সহকারী মহাব্যবস্থাপক ৩. উর্ধতন মুখ্য কর্মকর্তা/মুখ্য কর্মকর্তা	সভাপতি সদস্য সদস্য সচিব
খ) মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ইউনিট:	১. মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক ২. সহকারী মহাব্যবস্থাপক/ উর্ধতন মুখ্য কর্মকর্তা ৩. উর্ধতন মুখ্য কর্মকর্তা/মুখ্য কর্মকর্তা	সভাপতি সদস্য সদস্য সচিব

৫.১১ মাঠ কার্যালয়সমূহের নিরীক্ষা ইউনিট :

ক) বিভাগীয় ইউনিট:	১. বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা ২. উপমহাব্যবস্থাপক(বিভাগীয় কার্যালয়) ৩. সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় নিরীক্ষা কার্যালয়) ৪. উর্ধতন মুখ্য কর্মকর্তা (বিভাগীয় নিরীক্ষা কার্যালয়)	সভাপতি সদস্য সদস্য সদস্য সচিব
খ) মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ইউনিট:	১. মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক ২. আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা সহকারী মহাব্যবস্থাপক/ উর্ধতন মুখ্য কর্মকর্তা (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়) মুখ্য কর্মকর্তা (আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়) ৩. উর্ধতন মুখ্য কর্মকর্তা/মুখ্য কর্মকর্তা (মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়)	সভাপতি সদস্য সদস্য সদস্য সচিব

কর্পোরেট শাখা ও শাখার অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন সংক্রান্ত তিনটি ইউনিট এর কমিটির সদস্য :

১.	উপমহাব্যবস্থাপক/শাখা ব্যবস্থাপক	সভাপতি
২.	সহকারী মহাব্যবস্থাপক/দ্বিতীয় কর্মকর্তা	সদস্য
৩.	উর্ধতন মুখ্য কর্মকর্তা/মুখ্য কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা	সদস্য সচিব

কর্পোরেট শাখার ইউনিট কর্তৃক কর্পোরেট শাখার নিয়ন্ত্রণ ও পরিপালন সম্পর্কিত যাবতীয় কর্মকাণ্ডের পরিপালন, মনিটরিং ও নিরীক্ষা কার্যক্রম পরিচালিত হবে। প্রধান কার্যালয়ের প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-১ ঘোষালিক ভিত্তিতে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় ও কর্পোরেট শাখাসমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ কার্যক্রম নিরীক্ষা করবে।

৫.১২। প্রশিক্ষণ ও উন্নয়ন (Training & Development) :

মানব সম্পদ উন্নয়নের জন্য প্রশিক্ষণ একটি প্রমাণিত এবং কার্যকর হাতিয়ার। সমগ্র বিশ্বের পরিবর্তিত পরিস্থিতির সাথে তাল মিলিয়ে চলতে ইহা জ্ঞান অর্জন এবং দক্ষতা উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এ লক্ষ্যে আইসিসি'র সকল সদস্য/কর্মীদের যথাযথ এবং উন্নত প্রশিক্ষণ প্রয়োজন। নীতিমালা, কার্যপদ্ধতি এবং সংশ্লিষ্ট নিয়ন্ত্রণসমূহের উপর প্রশিক্ষণ-পরিপালন বুঁকি ব্যবস্থাপনা (Compliance Risk Management) এর একটি গুরুত্বপূর্ণ উপাদান, যা উপেক্ষা করা উচিত নয়। ব্যাংকিং প্রতিষ্ঠানের প্রশিক্ষণ কর্মসূচীর মাধ্যমে পরিপালন নীতিমালা, কার্যপদ্ধতি এবং নিয়ন্ত্রণসমূহ ভালভাবে বুঝা এবং যথাযথভাবে সংগঠনের সর্বস্তরে যোগাযোগ সাধন করা নিশ্চিত হচ্ছে কিনা তা পরিদর্শক/নিরীক্ষকগণ নির্ধারণ করবেন। একজন কর্মকর্তা/কর্মচারী যে প্রশিক্ষণ গ্রহণ করেন তার গভীরতা ও প্রসারতা নির্ভর করে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের ভূমিকা ও দায় দায়িত্বের উপর। সর্বস্তরের কর্মীগণ কোন প্রতিষ্ঠানের পরিপালন সংস্কৃতি, বুঁকিসমূহ চিহ্নিতকরণ ও তা নিরসনের কৌশল এবং উচ্চ পর্যায়ের পরিপালন নীতিমালা ও কার্য পদ্ধতি সম্পর্কে সম্যক ধারণা অর্জন করতে পেরেছেন কিনা তা পরিদর্শক/নিরীক্ষকগণ মূল্যায়ন করবেন।

৫.১৩। অভ্যন্তরীণ প্রশিক্ষণ (Home Training) :

ব্যাংকের হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-৪ কর্তৃক ব্যাংকের সকল নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য বিভিন্ন ধরণের প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করতে হবে যেন তাঁরা তাঁদের অর্জিত জ্ঞান এবং অভিজ্ঞতা নিয়মিতভাবে ব্যাংকে কাজে লাগাতে পারে।

৫.১৪। বিস্তৃত প্রশিক্ষণ (Outreach Training On) :

- ১। অভ্যন্তরীণ নিরীক্ষা পরিপালন।
- ২। ব্যাংকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ নিরীক্ষা।
- ৩। ক্ষম অর্থায়ন ও আদায়।
- ৪। খণ্ড বুঁকি যাচাই/নির্ধারণ।
- ৫। বাংলাদেশ ব্যাংক পরিদর্শন পরিপালন।
- ৬। বাণিজ্যিক নিরীক্ষা আপন্তি পরিপালন।
- ৭। হিসাবরক্ষণ ও নিরীক্ষণ মান উন্নয়ন।
- ৮। তথ্য প্রযুক্তি নিরীক্ষণ।

৫.১৫। বিদেশে প্রশিক্ষণ (Abroad Training) :

সমগ্র বিশ্বের পরিবর্তিত পরিস্থিতি ও নিত্য উন্নয়নশীল প্রযুক্তির সাথে তাল মিলিয়ে চলার লক্ষ্যে ব্যাংকের নির্বাহী ও কর্মকর্তাদেরকে আধুনিক ব্যাংকিং এর হালনাগাদ জ্ঞান অর্জনের লক্ষ্যে বিদেশে বিভিন্ন ধরণের প্রশিক্ষণ কর্মসূচী, কর্মশালা, সেমিনার, কনফারেন্স, সিম্পোজিয়ামে অংশগ্রহণের জন্য পাঠানো প্রয়োজন।

অধ্যায়-৬

পদ্ধতি ও নির্দেশিকা

প্রতিটি ব্যাংকে খাণ, হিসাব, নিরীক্ষা, নিরাপত্তা, ক্রয় মজুদ ইত্যাদি বিভিন্ন কর্মকাণ্ডের উপর কার্যকর নিয়ন্ত্রণ নিশ্চিত করার জন্য নীতি ও পদ্ধতিগত নির্দেশনা (ম্যানয়েল) থাকে। বাংলাদেশ কৃষি ব্যাংকেও এ রকম যে সকল ম্যানয়েল ব্যবহৃত হচ্ছে নিম্নে তার কয়েকটি উল্লেখ করা হলো।

৬.০১ঃ ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানয়েলঃ (হালনাগাদ করে ব্যবস্থাপনা সম্বয় কমিটিতে পেশ করা হয়েছে)
এ ম্যানয়েলের অন্তর্ভুক্ত প্রধান প্রধান বিষয়সমূহ নিম্নরূপ :

- (ক) ব্যাংক খাণ/অগ্রিম পাওয়ার যোগ্যতা
- (খ) ব্যবসায়িক ক্ষমতা প্রয়োগের নিয়মাবলী
- (গ) খণ্ডের আবেদনপত্র ও তৎসম্পর্কে কার্যকরী ব্যবস্থা গ্রহণ
- (ঘ) খণ্ডের অগ্রাধিকার খাতসমূহ
- (ঙ) খণ্ডের দরখাস্ত মূল্যায়ন
- (চ) খণ্ডের জামানত ও সহায়ক জামানত
- (ছ) খাণ মণ্ডুরি পদ্ধতি
- (জ) খাণ পরিশোধের সময়সীমা নির্ধারণ
- (ঝ) খাণ আদায়
- (ঝঃ) খাণ আদায়ের বিভিন্ন আইনানুগ ব্যবস্থা ইত্যাদি।

৬.০২ঃ হিসাব ও জেলারেল ব্যাংকিং ম্যানয়েলঃ
এ ম্যানয়েলের অন্তর্ভুক্ত প্রধান প্রধান বিষয়সমূহ নিম্নরূপ :

- (ক) দলিলপত্র সংরক্ষণ
- (খ) হিসাবের বইসমূহ
- (গ) অনুমোদিত হিসাবসমূহ ও হিসাবরক্ষণ পদ্ধতি
- (ঘ) নগদ ও নগদ জাতীয় দ্রব্যাদি
- (ঙ) তহবিল ব্যবস্থাপনা
- (চ) আন্তঃশাখা হিসাব পদ্ধতি
- (ছ) বায় নিয়ন্ত্রণ
- (জ) অর্ধবার্ষিক ও বার্ষিক হিসাব সমাপনী
- (ঝ) বিবরণী ও রিটার্নসমূহ
- (ঝঃ) নথিপত্র সংরক্ষণ ও পুরানো দলিল বিনষ্টকরণ
- (ট) প্রাহকের চলতি, সংগ্রহী, মেয়াদী ইত্যাদি হিসাব
- (ঠ) বিভিন্ন সংগ্রহ প্রকল্প
- (ড) পেমেন্ট অর্ডার, ড্রাফট, টিটি
- (ঢ) বিলের টাকা সংগ্রহ
- (ণ) ব্যাংক গ্যারান্টি
- (ত) প্রতারণা ও জালজালিয়াতি নির্ধারণ ইত্যাদি।

৬.০৩ঃ নিরীক্ষা ম্যানয়েল(হালনাগাদকরণের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে)ঃ
এ ম্যানয়েলের অন্তর্ভুক্ত প্রধান প্রধান বিষয়সমূহ নিম্নরূপ :

- (ক) নিরীক্ষা সংক্রান্ত ভূমিকা
- (খ) অত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগের বিভিন্ন ইউনিটের কাঠামো ও কার্যাবলী
- (গ) বিভিন্ন কার্যালয়ের নিরীক্ষা
- (ঘ) নীতি সংক্রান্ত বিষয় এবং উহার সমন্বয়
- (ঙ) নিরীক্ষা আপত্তির প্রেক্ষিতে শৃঙ্খলাজনিত মামলাসমূহের পরিচালনা, নিষ্পত্তি
- (চ) নিরীক্ষা পরিকল্পনা এবং কর্মসূচি প্রণয়ন
- (ছ) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা
- (জ) বিস্তারিত নিরীক্ষা পদ্ধতি ও কার্যপদ্ধতি
- (ঝ) নিরীক্ষা ফলাফলের প্রতিবেদন উপস্থাপনা
- (ঝঃ) নিরীক্ষা কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রযোজ্য নিয়মকানুন
- (ট) ম্যানয়েলে ব্যবহৃত এবং নিরীক্ষা সম্বন্ধীয় বিভিন্ন শব্দের সংজ্ঞা ইত্যাদি।

৬.০৪ : কম্পিউটারাইজ শাখা এবং কার্যালয় নিরীক্ষা ও পরিদর্শন ম্যানুয়েলঃ

এ ম্যানুয়েলের অন্তর্ভুক্ত প্রধান প্রধান বিষয়সমূহ নিম্নরূপঃ

- (ক) কম্পিউটারাইজড শাখাসমূহ নিরীক্ষা ও পরিদর্শনের উদ্দেশ্য ও লক্ষ্য
- (খ) বাংলাদেশ কৃষি ব্যাংকে নিরীক্ষা ও পরিদর্শন ম্যানুয়েলের প্রয়োজনীয়তা ও পরিদর্শন কার্যক্রম
- (গ) ক্যাশ ও ক্যাশ আইটেম পরীক্ষা
- (ঘ) আমানত হিসাব খোলা সংক্রান্ত অনিয়ম
- (ঙ) আমানত হিসাবের ব্যালেন্স
- (চ) পকেট ব্যাংকিং
- (ছ) মানি লভারিং প্রতিরোধ
- (জ) খাণ হিসাবের ব্যালেন্স
- (ঝ) আমানত হিসাব, খণ হিসাব ও অন্যান্য হিসাবে সুদ আরোপ
- (ঝঃ) বিভিন্ন ধরনের চার্জ আদায়/কর্তন যাচাই
- (ট) আমানত হিসাব সম্পর্কিত
- (ঠ) হিসাবের শুল্কতা যাচাই
- (ড) তথ্য প্রযুক্তি ব্যবস্থাপনা
- (ঢ) আইটি অপারেশন ব্যবস্থাপনা
- (ণ) ভাইরাস প্রোটেকশন
- (ত) ইউজার রেজিস্টার রক্ষণাবেক্ষণ
- (থ) Audit Trial এবং Follow-up
- (দ) জালজালিয়াতি প্রতিরোধ
- (ধ) নেটওয়ার্ক ইকুইপমেন্টস সংরক্ষণ
- (ন) ইন্টারনেট এবং ই-মেইল
- (প) Business Continuity & Disaster Management Plan
- (ফ) ব্যাক আপ (সফটকপি/হার্ডকপি) ইত্যাদি।

৬.০৫ : ক্রয় সংক্রান্ত ব্যবস্থাদি :

বর্তমানে পাবলিক প্রকিউরেমেন্ট বিধিমালা-২০০৮ ও এর সংশোধনী এবং সংশ্লিষ্ট আইনের আওতায় বিভিন্ন পদ্ধতি অনুসরণ করে ব্যাংকের সকল সেবা ও পণ্য ক্রয়কার্য এবং পূর্ত কাজ সম্পাদন করা হচ্ছে।

৬.০৬ : নিরাপত্তা ম্যানুয়েলঃ

এ ম্যানুয়েলের অন্তর্ভুক্ত প্রধান প্রধান বিষয়সমূহ নিম্নরূপঃ

- (ক) নিরাপত্তা কাঠামো
- (খ) নিরাপত্তা কক্ষ
- (গ) নিরাপত্তা কাজে ব্যবহৃত রেজিস্টারসমূহ
- (ঘ) নিরাপত্তা কক্ষের টেলিফোন
- (ঙ) নিরাপত্তা গার্ডদের দায়িত্ব
- (চ) নিরাপত্তা কর্মকর্তার দায়িত্ব
- (ছ) নিরাপত্তা বিষ্ণিতকরণ
- (জ) ব্যাংকের কর্মী ও আঙিনার নিরাপত্তা বিধান
- (ঝ) বিপদ সংকেত ব্যবস্থা
- (ঝঃ) চাবি নিয়ন্ত্রণ
- (ট) যানবাহন নিয়ন্ত্রণ
- (ঠ) দুর্ঘটনা, অগ্নিকাণ্ড ও আত্মহাতীমূলক কাজের প্রতিরোধন পদক্ষেপ
- (ড) অগ্নিকাণ্ডে নিরাপত্তা কর্মীদের কর্তব্য
- (ঢ) দুর্ঘটনার সময় নিরাপত্তা কর্মীদের কর্মীয়
- (ণ) অর্থ পরিবহনকালীন কর্মীয়
- (ত) অর্থসহ ভ্রমণ
- (থ) নিরাপত্তা কমিটি ইত্যাদি।

৬.০৭ : অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ম্যানুয়েল :

বাংলাদেশ ব্যাংক হতে ০৮.০৩.২০১৬ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার নম্বর-০৩ মূলে "GUIDELINES ON INTERNAL CONTROL & COMPLIANCE IN BANKS" এবং উক্ত গাইডলাইনে ০৮.০৯.২০১৬ তারিখে বিআরপিডি সার্কুলার নম্বর-০৬ মূলে আনীত সংশোধনীর আলোকে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ম্যানুয়েল-২০১৭ হালনাগাদ করে বাংলাদেশ কৃষি ব্যাংকের পরিচালনা পর্ষদের ০৫.০৬.২০১৭ তারিখের ৬৮৭তম সভায় অনুমোদন প্রাপ্ত করা হয়েছে।

৬.০৮ : ডিলিং রুম ম্যানুয়েল (ফরেন একচেঙ্গ রিঝু ম্যানেজমেন্ট) :

এ ম্যানুয়েলের অস্তর্ভুক্ত প্রধান প্রধান বিষয়সমূহ নিম্নরূপঃ

- (ক) অবজেক্টিভস (Objectives)
- (খ) ফরেন একচেঙ্গ ডিলিং পলিসি (Foreign Exchange dealing policy)
- (গ) ডিপার্টমেন্টেশন স্টাইল অব ফরেন একচেঙ্গ ডিলিং অপারেশনস্ (Departmentation style of foreign Exchange dealing Operations)
- (ঘ) ফাংশনস্ অব ফরেন একচেঙ্গ ডিলিং রুম (Functions of Foreign Exchange dealing room)
- (ঙ) ফাংশনস্ অব দা ফ্রন্ট অফিস (Functions of the front office)
- (ট) ফাংশনস্ অব দা ব্যাক অফিস (Functions of the Back office)
- (ই) ফাংশনস্ অব দা মিড অফিস (Functions of the Mid office)
- (জ) ফ্রন্ট অফিস ইকুইপমেন্ট (Front office equipments)
- (ঘ) ব্যাক অফিস ইকুইপমেন্ট(Back office equipments)
- (ঞ) ডিলিং আওয়ার্স (Dealing hours)
- (ঠ) ডিলিং রুম লিমিটস্ (Dealing room limits)
- (ঢ) ডিলিং মেন্ডেটরি লিভ (Dealing Mandatory Leave)
- (ড) জব ডিক্রিপশনস্ ফর ডিলিং অফিসিয়ালস্ (Job desocations of dealing officials)
- (ঢ) ম্যানেজমেন্ট এ্যাকশন (Management action) Trigger. ইত্যাদি।

৬.০৯ : মানিলভারিং ও সক্রাসে অর্থায়ন প্রতিরোধ ম্যানুয়েল:

- (ক) মানিলভারিং এর সম্ভাব্য নির্দেশকসমূহ
- (খ) মানিলভারিং সংঘটনের পদ্ধতি
- (গ) মানিলভারিং প্রতিরোধে ব্যাংকের দায়িত্ব/করণীয়
- (ঘ) মানিলভারিং প্রতিরোধ আইন-২০১২
- (ঙ) সক্রাসবিরোধী (সংশোধনী) আইন-২০১৩
- (ট) সক্রাসবিরোধী আইন-২০০৯
- (ই) মানিলভারিং প্রতিরোধ কর্মসূচি পরিপালন ও বাস্তবায়ন
- (জ) মানিলভারিং অপরাধ ও দড়
- (ঘ) মানিলভারিং অপরাধ প্রতিরোধে রিপোর্ট প্রদানকারী সংস্থার দায়দায়িত্ব
- (ঞ) অভ্যন্তরীণ পরিবীক্ষণ ও নিয়ন্ত্রণ
- (ঠ) শাখা মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (BAMLCO) এর দায়িত্ব
- (ঢ) সম্ভাব্য লেনদেনের অনুমিত মাত্রা গ্রহণ ও সংরক্ষণ
- (ড) আম্তঙ্গদেশীয় ও অভ্যন্তরীণ অয়ার ট্রাসফার ও মোবাইল ব্যাংকিং এর ক্ষেত্রে অনুসরণীয় নির্দেশাবলী
- (ঢ) অস্বাভাবিক ও সন্দেহজনক লেনদেন সনাত্তকরণে লক্ষণীয় বিষয়াদির নির্দেশক
- (ন) স্বনির্ধারণী পদ্ধতিতে শাখার নিজস্ব অবস্থান নির্ণয় (Self Assessment)
- (ত) শাখা মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তাদের কাজ তদারকিকরণ ইত্যাদি।

৬.১০ : বাংলাদেশ কৃষি ব্যাংক চাকুরী প্রবিধানমালা।

৬.১১ : ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সিকিউরিটি পলিসি

৬.১২ : এসেট লাইবিলিটি ম্যানেজমেন্ট (ALM) গাইডলাইন।

৬.১৩ : গ্রীগ ব্যাংকিং ম্যানুয়েল।

অধ্যায় - ৭

বিবেচ্য বুকিসমূহ

ব্যাংকের লাভ অর্জনে যেসব বস্তুগত বুকি বিকল্প প্রতিক্রিয়া সৃষ্টি করে সেগুলো চলমান প্রক্রিয়ায় সনাক্ত এবং নিরূপণ করা প্রয়োজন। এটি একটি কার্যকরী নিয়ন্ত্রণ ব্যবস্থার অন্যতম বৈশিষ্ট্য। বুকিসমূহ সনাক্ত করার সময় অভ্যন্তরীণ ও বাহ্যিক উভয় প্রকার উপাদানকে বিবেচনায় আনতে হবে। ব্যাংকে ৬(ছয়) ধরনের বুকিকে কোর রিউ হিসেবে চিহ্নিত করা হয়েছে। এর মধ্যে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন বুকি অন্যতম। বিবেচ্য ৬(ছয়) টি কোর রিউ ছাড়াও সাধারণ ব্যাংকিং সংক্রান্ত বুকি, প্রশাসনিক বিষয় সংক্রান্ত বুকি বিদ্যমান রয়েছে, যার বর্ণনা নিম্নরূপঃ

৭.০১ সাধারণ ব্যাংকিং সংক্রান্ত বুকিঃ

সাধারণ ব্যাংকিং কার্যক্রম পরিচালনায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত বুকি নিরসনে দৃঢ় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

• ক্যাশ

ব্যাংকের কর্মকর্তা ও কর্মচারীদের মাধ্যমে ভোল্টের টাকা আঞ্চাসাং, প্রাইজবন্ড ও অন্যান্য মূল্যবান সামগ্রী সরিয়ে দেয়া বা আঞ্চাসাং করা।

* অযৌক্তিক কারনে সীমা অতিরিক্ত ক্যাশ সংরক্ষণ, ছেঁড়াফাঁটা ও ময়লাযুক্ত নোট বাংলাদেশ ব্যাংকে প্রেরণ না করে দীর্ঘদিন ভোল্টে রাখা।

* শাখায় উন্নত মানের ট্রাং রক্ষণ না থাকা এবং

* ভোল্টের চাবি যথাযথভাবে রক্ষণাবেক্ষণ ও চাবি হস্তান্তরের রেকর্ড যথাযথভাবে সংরক্ষণ না করা।

• ক্যাশ বাহির্ভূতঃ

* যথাযথভাবে হিসাব না খোলা, স্বাক্ষর সনাক্ত না করা, হিসাবধারীর ছবি না নেয়া, হিসাব খোলার ফরমে দায়িত্বপ্রাপ্ত এবং অনুমোদনকারী কর্মকর্তার স্বাক্ষর না নেয়া।

* হিসাব ব্যালেন্স না করা, ব্যালেন্স কনফারমেশন স্লিপ গ্রাহকের নিকট নিয়মিতভাবে প্রদান না করা, যে কারনে সংশ্লিষ্ট হিসাব হতে অর্থ আঞ্চাসাতের সুযোগ সৃষ্টি হতে পারে।

* বিভিন্ন শাখা হতে পরিশেষিত সংগ্রহপত্রের বিপরীতে বাংলাদেশ ব্যাংক হতে সময়মত পুনর্ভরণ এর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ না করা। যার জন্য ব্যাংক আর্থিক ক্ষতির সম্মুখীন হতে পারে। অনুরূপভাবে সামরিক বাহিনীর কর্মচারীদের পরিশেষিত পেনশনের বিপরীতে পুনর্ভরণ এর জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ না করা। যার ফলে ব্যাংক আর্থিক ক্ষতির সম্মুখীন হতে পারে। এছাড়া, আদায়যোগ্য ও প্রদেয় খাত আন্তঃব্যাংক/আন্তঃশাখা লেনদেনের ক্রিসমূহ দীর্ঘদিন অসমর্পিত থাকা।

* শাখায় সদেহজনক লোকজনের আনাগোনাসহ সর্বিক নিরাপত্তার বিষয় পর্যবেক্ষণ না করা।

* ব্যাংকের সিকিউরিটি ইনস্ট্রুমেন্টস যেমন-চেকবই, ডিডি, এমটি, প্রাইজবন্ড, স্থায়ী আমানত রশিদ ও আইও রশিদ যথাযথ ভাবে রেজিস্টারে লিপিবদ্ধ না করে সংরক্ষণ, ইন এন্ড আউট এবং নিয়মিতভাবে ব্যালেন্স না করা। ফলে এ সব সিকিউরিটি ইনস্ট্রুমেন্ট নির্মোজ ও হারিয়ে যাবার সুযোগ থাকে, যার ফলে জালজালিয়াতি ঘটতে পারে।

* শাখা ব্যবস্থাপক ও ২য় কর্মকর্তা কর্তৃক শাখার ভাউচার রেজিস্টার এবং লেনদেনে সংক্রান্ত ভাউচার যৌথ স্বাক্ষরে পাশ না করা।

* প্রতিদিনের কম্পিউটার, লেনদেনের শীট ও স্থানান্তর ভাউচার শীট, ভাউচার ও ইনস্ট্রুমেন্ট ধরে নিয়মিত চেক না করা।

* নমুনা স্বাক্ষর কার্ড, হিসাব খোলার ফরম, ঝণ নথিসমূহ নিরাপদ হেফাজতে তালাবন্ধভাবে সংরক্ষণ না করা।

• কম্পিউটারাইজড শাখা পরিদর্শনকালে পরিলক্ষিত বুকিসমূহঃ

1. আমানত হিসাব খোলার ফর্মে প্রদানকৃত তথ্যাদির দ্বারা Account Opening Form এর সমস্ত কলাম যথাযথ ও সঠিকভাবে প্ররূপ না করা, সঠিকতা যাচাই না করা এবং এ সংক্রান্ত নিয়মকানুন সঠিকভাবে পরিপালন না করেই হিসাব খোলা বা সক্রিয় করা।
2. হিসাবধারী কর্তৃক জমাকৃত ফর্মের তথ্যাদি সঠিকভাবে ইনপুট না দেয়া বা স্ক্যান করা ফর্ম স্বাক্ষর কার্ড, ছবি ইত্যাদি সতর্কতার সাথে মিলিয়ে না নেয়া বা নিশ্চিত না হওয়া, হিসাবধারীর বর্তমান ঠিকানা যাচাই না করা।
3. বিভিন্ন মডিউলগুলোর ব্যালেন্সের সাথে কম্পিউটার সিস্টেমের জেনারেল লেজার এর স্থিতি পরীক্ষা না করা (Deposit & loan balance)।
4. ব্যালেন্স না করা এবং ব্যালেন্স সার্টিফিকেট গ্রাহককে না দেয়া। যার কারনে অর্থের জালজালিয়াতির ঘটনা সংগঠিত হওয়ার আশংকা।
5. ব্যাংকের প্রধান কার্যালয়/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় হতে চেক বই, ডিডি, এমটি, পিও ও আইও রশিদ গ্রহণের পর তা কম্পিউটারে এন্ট্রি দেয়ার বিষয়টি নিশ্চিত না করা (Instrument of entry)।
6. হিসাবের বিপরীতে ইস্যুকৃত চেক সংশ্লিষ্ট গ্রাহককে অথবা তার মনোনীত ব্যক্তিকে প্রদান করার সময় গ্রহণকারীর স্বাক্ষর চেকবই Issue রেজিস্টারে যথাযথভাবে সংরক্ষণ না করা।
7. বিভিন্ন ইনস্ট্রুমেন্ট পরিশেষ রেজিস্টার এবং জিএল এর সংশ্লিষ্ট হিসাবের স্থিতির সাথে সামঞ্জস্য আছে কিনা তা নিয়মিত পরীক্ষা না করা, DD, DD Paid Suspence (2) PO. Outstanding (Instrumentwise) এর সাথে জিএল এর স্থিতির মিল যাচাই না করা।

৮. তথ্য প্রযুক্তির সাথে সম্পৃক্ত কর্মকর্তাদের সংশ্লিষ্ট কাজের জন্য যথাযথ ডজান, দক্ষতা ও প্রশিক্ষণ না থাকা। শাখা পর্যায়ে তথ্য প্রযুক্তি ডজান সম্পর্ক কর্মকর্তা কর্তৃক অন্যদের প্রশিক্ষণের ব্যবস্থা না করা।
৯. তথ্য প্রযুক্তি সংক্রান্ত Security Policy এর নির্দেশাবলী, অনুসরণ, সফটওয়্যার লাইসেন্স, হার্ডওয়্যার ও সফটওয়্যার সম্পর্কিত ম্যানুয়েল পঠন, সংরক্ষণ ও পরিপালনের বিষয়গুলো নিশ্চিত না করা।
১০. শাখায় তথ্য প্রযুক্তির সাথে সম্পৃক্ত কর্মীবৃন্দ যথাযথ প্রশিক্ষণপ্রাপ্ত কিনা এবং তাদের মধ্যে কার্যবিবরণী (Use Permission as per Job Description) বল্টন করা আছে কিনা তা শাখা ব্যবস্থাপক কর্তৃক নিয়মিত যাচাই বাছাই নিশ্চিত না করা।
১১. শাখায় কার্য সম্পাদনকারী এবং পরীক্ষক অবশ্যই একাধিক এবং ব্যাংকিং অ্যাপ্লিকেশন সফটওয়্যার এর উপর পর্যাপ্ত প্রশিক্ষণপ্রাপ্ত কিনা তা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নিশ্চিত না করা। (Entry user & Authorized user একই ব্যাক্তি হতে পারবে না)।
১২. ICT Security Policy অনুযায়ী কম্পিউটারাইজড শাখাসমূহ পরিচালন না করা।
১৩. ডাটাবেজ, এপ্লিকেশন সফটওয়্যার ব্যবহারের ফেন্টে প্রয়োজনীয় পাসওয়ার্ডগুলো খামের ভিত্তির সীলগালা করে শাখা ব্যবস্থাপক কর্তৃক যথাযথভাবে সংরক্ষণ না করা।
১৪. কম্পিউটার সফটওয়্যার ব্যবহার এর জন্য ইউজার আইডি এবং তার বিপরীতে পাসওয়ার্ড সংরক্ষণ নিশ্চিত করা।
১৫. নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুমোদন ছাড়া User তৈরি করা।
১৬. একজন অন্যজনের User Id/Password ব্যবহার করে কাজ করা।
১৭. Password hacking অথবা share করার কারণে নানা ধরনের জালজালিয়াতির ঘটনা ঘটা।
১৮. কম্পিউটার সিস্টেমে বিভিন্ন অনুমোদিত/ব্যাক্তিগত পিসি এর কার্যাদির পরিচালনা ও এ বিষয়ে জবাবদিহিতা নিশ্চিত না করা।
১৯. দৈনন্দিন কার্যক্রম বিশেষ করে System Access, ইউজার রাইট, প্রিভিলেজ, সিস্টেম এডমিনিস্ট্রেশন, ইউজার আইডি এবং স্বাভাবিক পরিচালনা প্রবাহের পরিপন্থী কার্যাদি সংগঠনের বিষয়গুলোই Audit Trial এর মাধ্যমে যাচাই এবং সতর্কতার সাথে শাখা ব্যবস্থাপক কর্তৃক পরীক্ষা নিরীক্ষা নিশ্চিত না করা। জালিয়াতি প্রতিরোধকল্পে ব্যবস্থাপক আকস্মিক Audit Trial না দেখা এবং রিপোর্ট স্বাক্ষর করে পরীক্ষা নিশ্চিত না করা (প্রতি কার্যদিবস শেষে অথবা পরের দিন সকালে জালিয়াতি প্রতিরোধকল্পে ব্যবস্থাপক আকস্মিক Audit Trial দেখবেন এবং রিপোর্ট স্বাক্ষর করে পরীক্ষা নিশ্চিত করবেন)।
২০. যথাযথভাবে ব্যাক-আপ (সফটকপি/হার্ডকপি) তথ্য সংরক্ষণ না করা(অফলাইন ব্র্যাক এবং ফেন্টে)। কম্পিউটার সিস্টেমে কোন কারণে ডাটা নষ্ট বা ক্ষতিগ্রস্ত হলে সঠিক ব্যাকআপ পুনরুৎপন্ন করে চালু না করা। প্রত্যেকদিনের ব্যাকআপ, ব্যাকআপ রেজিস্টারে নিয়মিত সংরক্ষণ করার বিষয়টি শাখা ব্যবস্থাপক কর্তৃক নিশ্চিত না করা। (কম্পিউটার সিস্টেমে কোন কারণে ডাটা নষ্ট বা ক্ষতিগ্রস্ত হলে সঠিক ব্যাকআপ পুনরুৎপন্ন করে চালু করতে হবে। প্রত্যেকদিনের ব্যাকআপ, ব্যাকআপ রেজিস্টারে নিয়মিত সংরক্ষণ করার বিষয়টি শাখা ব্যবস্থাপক কর্তৃক নিশ্চিত করতে হবে।
২১. কোন কারণে শাখায় আগুন লাগলে, কোন প্রাকার দুর্ঘটনা ঘটলে বা কম্পিউটার সিস্টেম বিকল হয়ে ডাটা নষ্ট হলে তা উদ্ধারের জন্য On-site ব্যাক আপ এবং Off-site ব্যাক আপ সংরক্ষণ না করা। অন্যথায় দুর্ঘটনার কারণে নষ্ট হয়ে যাওয়া ডাটা Restore করে শাখার দৈনন্দিন লেনদেন স্বাভাবিক করার ফেন্টে ঝুঁকি তৈরী হওয়া। Online শাখাগুলোর ব্যাক আপ কেন্দ্রীয়ভাবে প্রধান কার্যালয়ে সংরক্ষণ করা।

৭.০২ খণ্ড সংক্রান্ত ঝুঁকি :

ঝণ অগ্রিম খাতটি ব্যাংকের মুনাফা অর্জনকারী সর্বাধিক গুরুত্বপূর্ণ খাত সমূহের মধ্যে অন্যতম। এ খাতে গুরুতর ক্রিটি সংঘটিত হওয়ার সুযোগ ও সম্ভাবনা বিদ্যমান থাকায় ব্যাংকের স্বার্থ ঝুঁকিপূর্ণ ও হমকির সম্মুখীন হতে পারে। বাংলাদেশ ক্রমী ব্যাংক কর্তৃক প্রকল্প খণ্ড, ক্রমী খণ্ড, এস এম ই, বৈদেশিক বাণিজ্য এবং দারিদ্র্য বিমোচন কর্মসূচির আওতায় খাত বিতরণ করা হয়ে থাকে। এছাড়া শস্য, প্রাণীসম্পদ, মৎস্য খামার, সেচ্যন্ত্রপাতি, ক্রমী ভিত্তিক শিল্প, চলতি মূলধন/নগদ পুঁজি খণ্ড খাত বিতরণ করা হয়। খাগের পরিমাণ ও মণ্ডুরি ক্ষমতার উপর নির্ভর করে মাঠ কার্যালয়সহ প্রধান কার্যালয় হতে উল্লেখিত খাত সমূহে খাত মণ্ডুরি প্রদান করা হয়ে থাকে। অনেক সময়েই দেখা যায় খাগের ঝুঁকি নিরসনে পর্যাপ্ত ও সুষ্ঠু ঝুঁকি ব্যবস্থাপনা গ্রহণ না করায় বিতরণকৃত খাগের আদায় অনিশ্চিত হয়ে পড়ে।

এ প্রেক্ষিতে খাগের ঝুঁকি নিরসন /সর্বনিম্ন পর্যায়ে কমিয়ে আনার লক্ষ্যে অত্র ব্যাংক কর্তৃক বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা ও নীতিমালা অনুসরণ পূর্বক CRG (Credit Risk Grading) অনুযায়ী ৫.০০ (পাঁচ) লক্ষ টাকার উর্ধে সকল প্রকার খাগের জন্য CRG করতে হবে। তবে Consumer Financing, Small Enterprise Financing, Short Term Agriculture and Micro Credit খাগের ফেন্টে CRG নির্ণয়ের বাধ্যবাধকতা নেই।

CRG(Credit Risk Grading) নির্ণয়ে ৫(পাঁচ)টি প্রধান উপকরণ বিশ্লেষণ করে ঝুঁকির স্তর নির্ণয় করতে হয়ঃ

- ০১। আর্থিক ঝুঁকি (Financial Risk)
- ০২। ব্যবসা/শিল্প সম্পর্কীয় ঝুঁকি (Business /Industrial Risk)
- ০৩। ব্যবস্থাপনা ঝুঁকি (Management Risk)
- ০৪। জামানত সম্পর্কীয় ঝুঁকি (Security Risk)
- ০৫। ব্যবসায়িক আচরণ সম্পর্কীয় ঝুঁকি (Relationship Risk)

ঝুঁকি নিরসনের জন্য গৃহীতব্য পদক্ষেপঃ

- (ক) খাণ মঞ্চুরির পূর্বে প্রস্তাবিত খাণ গ্রহীতার আর্থিক ও ব্যবসায়িক অবস্থা সম্পর্কে পরিক্ষার ও স্বচ্ছ ধারনা সংগ্রহ করে খাণ গ্রহীতা নির্বাচন করতে হবে। অর্থাৎ গ্রাহক সম্পর্কে ব্যাপক বিস্তৃত ও প্রয়োজনীয় তথ্যউপাত্ত সংগ্রহ করে খুব সতর্কতার সাথে খাণ মূল্যায়ন করতে হবে।
- (খ) খাণ প্রস্তাব বিবেচনাকালে খাণ গ্রহীতার নিকট হতে লিখিতভাবে তার অন্যান্য খণ্ডের যাবতীয় তথ্য গ্রহণ করতে হবে। প্রাপ্ত ঘোষণার তথ্য মোতাবেক খাণ গ্রহীতার পরিশোধ ক্ষমতায় বিষয়টি যাচাই করাতঃ নিশ্চিত হয়ে অনুমোদিত খাণসীমার মধ্যে তাকে নতুন খাণ বিবেচনা করতে হবে।
- (গ) খাণ আবেদনকারীর বাসস্থান, অফিস ও যোগাযোগের টেলিফোন নম্বরের বিষয়ে সরেজমিনে যাচাই করতে হবে।
- (ঘ) সামাজিক সুনামের অধিকারী নয় এবং উচ্চ হারের খাণ খেলাপী উদ্যোগার্থী যাতে ব্যাংক খাণ না পায় সে বিষয়টি নিশ্চিত করার জন্য তাদের নামের একটি তালিকা শাখায় সংরক্ষণ করতে হবে।
- (ঙ) খাণ মঞ্চুরি প্রস্তাব প্রক্রিয়াকরণের সময় বন্ধকী সম্পত্তির অতিমূল্যায়ন ও অবমূল্যায়নের বিষয়ে সতর্ক থাকতে হবে।
- (চ) প্লেজ খণ্ডের ক্ষেত্রে মঞ্চুরি পত্রের শর্তানুযায়ী যথাযথভাবে গুদাম ঘরে মালামাল সংরক্ষণ, গুদাম রক্ষক/পাহারাদার নিয়োগ, গুদামের চাবি সংরক্ষক, পণ্ডের মান যাচাইসহ নিয়মিত মনিটরিং করতে হবে।
- (ছ) খাণ প্রস্তাব মূল্যায়নের সময় প্রত্যেক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে খণ্ডের প্রকৃতি, ব্যাংকের অনুমোদিত খাত, খাণসীমা, খণ্ডের উদ্দেশ্য, প্রকল্প/ ব্যবসার আর্থিক সম্ভাব্যতা, প্রাথমিক জামানত এবং সহায়ক জামানতের পর্যাপ্ততা ও গ্রহণযোগ্যতা, খাণ-ইকুইটি /খাণমার্জিন অনুপাত, খণ্ডের মেয়াদ ও পরিশোধসূচি ইত্যাদি বিষয়সমূহ বিবেচনা ও যাচাই পূর্বক খাণ প্রস্তাব মূল্যায়ন করতে হবে।
- (জ) মঞ্চুরিপত্রের শর্তানুযায়ী মঞ্চুরিকৃত খণ্ডের জামানত ও বন্ধকীতে প্রদত্ত পণ্ডের সকল প্রকার ঝুঁকির বিপরীতে কম্প্রাহেনসিভ বীমা করতে হবে।
- (ঝ) খাণ সংক্রান্ত যাবতীয় দলিলপত্রাদি আইন অনুযায়ী প্রণয়নপূর্বক আবেদন ও দলিলপত্রাদি প্রতি খাণ গ্রহীতার জন্য প্রস্তুতকৃত স্বতন্ত্র নথিতে নিরাপদ হেফাজতে সংরক্ষণ করতে হবে।
- (ঝঃ) খাণ বিতরণের পর খণ্ডের কোন বিষয়ে দুর্বলতা/ঝুঁকি পরিলক্ষিত হলে সেক্ষেত্রে খণ্ডটির যথাযথ মনিটরিং, তদারকি এবং ব্যবস্থাপনার মাধ্যমে খাণ হিসাবটির মান উন্নয়নে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- (ট) খাণ আবেদন প্রক্রিয়াকরণের সংগে সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সক্ষমতা গড়ে তোলার জন্য নিয়মিতভাবে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (ঠ) নিয়মিত অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পাদন কালে খাণ নথি নিরীক্ষায় কোন অনিয়ম চিহ্নিত হলে প্রয়োজনীয় ব্যবস্থা গহণের জন্য কর্তৃপক্ষের গোচরে আনতে হবে।

৭.০৩ বৈদেশিক বিনিয়য় ও বাণিজ্য সংক্রান্ত ঝুঁকি:

বৈদেশিক বাণিজ্যে অর্থায়ন এবং বৈদেশিক বিনিয়োগ ব্যাংকের একটি লাভজনক ব্যবসা। বাংলাদেশ ব্যাংক এবং ব্যাংকের প্রচলিত নিয়মনীতি পরিপালন সাপেক্ষে বৈদেশিক বিনিয়য়ের ক্ষেত্রে নিম্নবর্ণিত ঝুঁকিসমূহ বিবেচনায় রেখে দায়িত্ব সম্পাদনের মাধ্যমে ব্যাংকের স্বার্থ সংরক্ষণ করতে হবে।

- (১) এলসি ওপেনিং ফরম সঠিকভাবে পূরণ করা এবং এলসির আবেদনপত্রে ও এগ্রিমেন্ট ফরমে উদ্যোগ্তা/কোম্পানীর রেজুলেশন অনুযায়ী পরিচালকের স্বাক্ষর ভেরিফাই করা এবং এলসি খোলার পূর্বে মালামাল সরবরাহকারীর ক্রেডিট রিপোর্ট সংগ্রহ করা। আমদানিকারকের বা তার সহযোগী প্রতিষ্ঠানের অনুকূলে বাংলাদেশ ব্যাংক হতে সিআইবি প্রতিবেদন সংগ্রহ করা। শ্রেণীকৃত খেলাপী দায় এলসি খোলার সময় বিবেচনায় আনা।
- (২) আমদানি এলসি'র জন্য আবেদনপত্রে স্বাক্ষর সত্যায়িত করা ও রঙানি এলসি লিয়েন করার শর্ত পরিপালন করা।
- (৩) ব্যাক টু ব্যাক এলসি এর বিপরীতে আমদানিকৃত বা সংগৃহীত মালামাল একজন দায়িত্বশীল কর্মকর্তা দ্বারা নিয়মিতভাবে পরিদর্শন করা।
- (৪) খাণপত্র খোলার পর পরবর্তীতে প্রয়োজনবোধে বিভিন্ন Clause এক বা একাধিক বার সংশোধন (Amendment) করা এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নেয়া।
- (৫) ব্যাক টু ব্যাক এলসির ফাইলে এলসি ওপেনিং চার্জ আদায়ের ভাউচারের কপি সংরক্ষণ করা এবং এলসি ওপেনিং রেজিস্টারে তা লিপিবদ্ধ করে প্রকৃত ব্যাংক চার্জ আদায় সম্পর্কে নিশ্চিত হওয়া।
- (৬) এলসি (লায়াবিলিটি) লজেন্ট, পিএডি, লিম, ফোর্সড লোন এবং পিসি (প্যাকিং ক্রেডিট) রেজিস্টার বা লেজারসমূহ দায়িত্বশীল কর্মকর্তা কর্তৃক নিয়মিত চেকিং করা।
- (৭) আমদানিকারকের খাণ হিসাবসমূহ নিয়মিত রাখার লক্ষ্যঃ
- ক) খণ্ডের কিসিং নিয়মিত থাকা।
- খ) পূর্বের ব্যাক টু ব্যাক খাণ সম্মত করা।
- গ) লিম, এলসি, বিল অব এক্রচেঞ্জ ও ফোর্সড লোন অনাদায়ী থাকা অবস্থায় আমদানিকারকের অনুকূলে খাণপত্র খোলার অনুমতি না দেয়া।
- (৮) একই গ্রাহকের এফবিপি হিসাবের বিপরীতে দীর্ঘদিন অনাদায়ী বৈদেশিক বিল বকেয়া থাকা সত্ত্বেও নতুন বিল পারচেজ না করা এবং লিমের বিপরীতে সংরক্ষিত মালামাল বছরের পর বছর পড়ে থাকার সুযোগ সৃষ্টি না করা।
- (৯) পূর্বের অনাদায়ী ফোর্সড লোন থাকা অবস্থায় অনুমতি ছাড়া বিভিন্ন ব্রাঞ্চ কর্তৃক কোন ক্রমেই পুনরায় ফোর্সড লোন প্রদান না

করা।

- (১০) ক্যাশ ইনসেন্টিভ অগ্রিম প্রদানের বিধান থাকলে নিয়মনীতি কঠোরভাবে অনুসরণ করা।
- (১১) ক্যাশ ইনসেন্টিভ প্রদানের ফেত্রে রঙানিকৃত পণ্য ক্যাশ ইনসেন্টিভ প্রাপ্তির আওতাভুক্ত কি না তা নিশ্চিত হওয়া।
- (১২) **ইএক্সপি (EXP Form)** ইস্যুঃ রঙানি এলসি/চুক্তিপত্রের বিপরীতে ইস্যুকৃত Invoice ও Packing list যাচাই সাপেক্ষে ব্যাংকের গ্রাহকের অনুকূলে EXP Form ইস্যু করা।
- (১৩) EXP Form সার্টিফাই করার ১২০ দিনের মধ্যে রঙানি মূল্য প্রত্যাবাসন নিশ্চিত করা।
- (১৪) বাংলাদেশ ব্যাংকের গাইড লাইন অনুসারে EXP Form এর রিপোর্টিং নিশ্চিত করা।
- (১৫) রঙানি মূল্য পণ্য জাহাজীকরণের ২১ দিনের মধ্যে প্রত্যাবাসিত না হলে এ বিষয়ে ব্যাংকের বিধান মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (১৬) মেয়াদোভীর্ণ রঙানি বিলের প্রতিবেদন নিয়মিতভাবে বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করতে হবে।
- (১৭) রঙানি মূল্য কম প্রত্যাবাসিত হলে এবং তা ৫% এর অধিক হলে বাংলাদেশ ব্যাংকের নজরে আনা এবং ডিসকাউন্ট কমিটির অনুমোদন গ্রহণ করা।
- (১৮) রঙানি বিলমূল্য (নেগোসিয়েটকৃত বা কালেকশনে প্রেরিত) হতে সংশ্লিষ্ট রঙানি এলসির বিপরীতে স্থাপনকৃত ব্যাক টু ব্যাক এলসির দায়সহ অন্য কোন দায় থাকলে তা আনুপাতিক হালে কর্তৃ/সমন্বয়করণ।
- (১৯) বিএল এ স্বাক্ষরদানকারী শিপিং এজেন্ট/কোম্পানির সংশ্লিষ্ট কর্মকর্তার নমুনা স্বাক্ষর সংরক্ষণ করা।
- (২০) রঙানি বিল নেগোসিয়েট করার সাথে সাথে বিলের মূল্য সংগ্রহের নিমিত্ত বিল এলসি ওপেনিং ব্যাংকে প্রেরণ নিশ্চিত করা।
- (২১) আমদানিকৃত মালামাল গ্রাহকের গোড়াউনে/কারখানায় পৌছানোর বিষয়টি নিশ্চিত হয়ে আমদানি বিলের এ্যাকসেপ্টেপ প্রদান করা।
- (২২) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ছাড়া গ্রাহককে প্রদত্ত এলসি লিমিট এর অতিরিক্ত এলসি স্থাপন না করা।
- (২৩) ঝণ প্রস্তাবনায়/এলসি স্থাপনের প্রস্তাবনায় গ্রাহকের দায়দেনার সঠিক তথ্য উপস্থাপন করা।

৭.০৪ প্রশাসনিক বিষয় সংক্রান্ত ঝুঁকি:

- (১) ব্যাংকের অনুমোদিত অর্গানেগ্রাম অনুযায়ী জনবলের সুযম বর্ণন ও জনবল নিয়োগ।
- (২) মানব সম্পদের যথোপযুক্ত ব্যবহার, নিয়োগ ও বদলীর ব্যবস্থা গ্রহণ।
- (৩) মেধা, যোগ্যতা, দক্ষতা ও অভিজ্ঞতার যথাযথ মূল্যায়ন করে সঠিক কর্মীকে সঠিক স্থানে নিয়োগদান নিশ্চিতকরণ।
- (৪) বদলী ও নিয়োগের ফেত্রে পরিচালনা পর্বদ/সরকার কর্তৃক প্রদীত নীতিমালা অনুসরণ।
- (৫) কর্মকর্তা/কর্মচারীদের সুনির্দিষ্টভাবে দায়িত্ব বর্ণন করতঃ তা পরিগালন নিশ্চিতকরণ।
- (৬) অলস, কর্মবিমুখ এবং অক্ষম জনবল চিহ্নিত করে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ।
- (৭) যথাযথ প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীদের তাদের স্ব স্ব দ্বায়িত্ব ও কর্তব্য সম্পর্কে অধিকতর দক্ষ করে গড়ে তোলা।
- (৮) একটি শক্তিশালী ও সুদৃঢ় কর্ম সংস্কৃতি প্রতিষ্ঠার জন্য ভাল কাজের জন্য পুরস্কার এবং মন্দ কাজের জন্য শাস্তির ব্যবস্থা গ্রহণ।

৭.০৫ মানিলভারিং সংক্রান্ত ঝুঁকি :

দেশে বিদ্যমান আইনের ব্যতীয় ঘটিয়ে দেশের বাইরে অর্থ বা সম্পত্তি প্রেরণ করা, দেশের বাইরে যে অর্থ বা সম্পত্তিতে বাংলাদেশের স্বার্থ রয়েছে যা বাংলাদেশে আনয়নযোগ্য ছিল তা বাংলাদেশে আনয়ন হতে বিরত থাকা। বিদেশ হতে প্রকৃত পাওনা দেশে আনয়ন না করা বা বিদেশে প্রকৃত দেনার অতিরিক্ত পরিশোধ অবৈধভাবে অর্জিত অর্থ ব্যাংক হিসাবের মাধ্যমে লেনদেন, যথাযথভাবে KYC এহণের মাধ্যমে ব্যাংক হিসাব খোলা। আমানত হিসাব ও ঝণ হিসাবের মাধ্যমে মানিলভারিং হতে পারে। মানিলভারিং এর ঝুঁকিসমূহ নিরসনের জন্য ব্যাংক তথা আর্থিক প্রতিষ্ঠানমূহকে সাধারণত নিম্নলিখিত পদ্ধতি অবলম্বন করতে হবে :

বিবরণ	পরিগালনের জন্য সম্ভাব্য গৃহীতব্য ব্যবস্থা
KYC/ TP	প্রতিটি নতুন হিসাব খোলার সময় পূর্ণাঙ্গ KYC গ্রহণ করতে হবে। গ্রাহকের লেনদেনের অনুমতিপত্র TP সঠিকভাবে লিপিবদ্ধ করতে হবে। হিসাব খোলার ফরমের কোন ঘর/কলাম খালি রাখা যাবে না। KYC/TP পরিবর্তন হলে তা পরবর্তীতে পরিবর্তিত KYC/TP সংশোধন (Review) করে নথিভুক্ত করতে হবে।
CDD (Customer Due Diligence)	নির্ভরযোগ্য/স্বাধীন উৎস হতে প্রাপ্ত তথ্যউপাস্ত ও দলিলাদির ভিত্তিতে গ্রাহকের পরিচিতি যাচাইকরণ (KYC) ও সনাক্তকরণসহ হিসাবের লেনদেন মনিটরিং করে গ্রাহকের CDD সম্পন্ন করতে হবে। গৃহীত কার্যক্রম লিখিত আকারে নথিভুক্ত করতে হবে।
CTR (Cash Transaction Report)	প্রতিদিন কোন একটি হিসাবে (আমানত/ঝণ হিসাব ইত্যাদি) CTR যোগ্য লেনদেন (এক বা একাধিক নগদ লেনদেনের যোগফল ১০ লক্ষ বা তদুর্ধি) হলে প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে নির্ধারিত ফরমে CTR রিপোর্ট CCU বরাবর প্রেরণ করতে হবে। CTR যোগ্য কোন লেনদেন থাকা সত্ত্বেও CTR প্রতিবেদনে তা অন্তর্ভুক্ত না করা হলে জরিমানা আরোপ করতে হবে।
STR (Suspicious)	সন্দেহজনক/অস্বাভাবিক (ঝাওঝাজ) লেনদেন উদঘাটন হলে তা নির্ধারিত ফরমে CCU বরাবরে প্রেরণ করতে হবে। STR যোগ্য লেনদেন থাকা সত্ত্বেও CCU বরাবর রিপোর্ট না করা হলে তা শাস্তিযোগ্য অপরাধ বলে

Transaction Report)	গণ্য করে জরিমানা আরোপ করতে হবে।
UNSCR's Implementation	জাতিসংঘে নিরাপত্তা পরিষদের বিভিন্ন তালিকার (UNSCRs) আওতাভুক্ত সন্দেহজনক/সন্দ্বার নামে কোন হিসাব খোলা যাবে না। হিসাব খোলা হলে তা অবরুদ্ধ করে CCU কে অবহিত করতে হবে। উক্ত তালিকাভুক্ত ব্যক্তি/সন্দ্বার কর্তৃক কোন হিসাবে বৈদেশিক রেমিটেন্স পাঠাচ্ছে কিনা তা যাচাই করে নিশ্চিত হতে হবে। বৈদেশিক বাণিজ্য লেনদেনের ক্ষেত্রেও উক্ত তালিকা যাচাই করে নিশ্চিত হতে হবে। UNSCRs তালিকা প্রাপ্তির ওয়েব লিংক-
	http://www.un.org/sc/committees/index.shtml , http://www.bb.ogr.bd/aboutus/dept/bfiu/sanction_list.php
প্রশিক্ষণ	সকল কর্মকর্তা/কর্মচারীকে আনুষ্ঠানিক (স্টাফ কলেজের মাধ্যমে) বা অনানুষ্ঠানিক (ব্যবস্থাপক/BAMLCO কর্তৃক শাখার সকল কর্মকর্তাদের সাথে AML/CFT বিষয়ে আলোচনা করে) প্রশিক্ষিত করতে হবে।
Self Assessment	প্রতি মাসে Manager/BAMLCO শাখার সকল কর্মকর্তা/কর্মচারীদের সাথে AML/CFT বিষয়ক সার্কুলার/গাইড লাইন/ ম্যানুয়েল/নিয়মকানুন নিয়ে আলোচনা করে ত্রৈমাসিক ভিত্তিতে নির্ধারিত করমে Self Assessment প্রতিবেদন CRM/RM এর মাধ্যমে CCU বরাবর প্রেরণ করতে হবে।
Risk Based Approach	শাখার ঝুঁকিপূর্ণ গ্রাহক যাচাই করে তা রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে এবং তাদের লেনদেনের উপর সর্তক দৃষ্টি রাখতে হবে- যাতে করে কোন ধরনের অস্বাভাবিক লেনদেন সংঘটিত না হয়।
বন্ধকৃত হিসাবের তথ্য সংরক্ষণ	সকল বন্ধকৃত হিসাবের লেনদেনের তথ্যসহ যাবতীয় কাগজপত্র ন্যূনতম ৫ বছর সংরক্ষণ করতে হবে। যাতে বাংলাদেশ ব্যাংকসহ যে কোন কর্তৃপক্ষ দেখতে চাইলে তা সরবরাহ করা সম্ভব হয়।
নথি রক্ষণাবেক্ষণ	প্রতিটি শাখায় AML/CFT বিষয়ক সার্কুলার/গাইড লাইন ফাইল, CTR ফাইল, STR ফাইল, KYC/TP সংশোধন (Review) ফাইল, Self Assessment ফাইল, কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ ফাইল, বাংলাদেশ ব্যাংক সিস্টেম চেক ফাইল, লিগ্যাসি একাউন্ট ফাইল ইত্যাদি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

৭.০৬ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক ঝুঁকি:

সিকিউরিটি থ্রেট	ক্ষতির ধরন	উত্তরণের উপায়
ফিজিক্যাল সিকিউরিটি	তথ্য চুরি, তথ্য নষ্ট ও তথ্য বিকৃতি।	কম্পিউটার অপারেশন সংশ্লিষ্ট স্থানে সকল বহিরাগতের প্রবেশ নিষিদ্ধ করতে হবে।
নেটওয়ার্ক সিকিউরিটি	তথ্য চুরি, তথ্য নষ্ট ও তথ্য বিকৃতি।	(ক) ব্যাংকিং এপ্লিকেশন এর কম্পিউটারে ইন্টারনেট ব্যবহার করা যাবে না। (খ) শাখা/কার্যালয়ে স্থাপিত সকল কম্পিউটারের Network Address (IP Address) এর গোপনীয়তা রক্ষা করতে হবে।
এপ্লিকেশন সিকিউরিটি	তথ্য জালিয়াতি, তথ্য চুরি, তথ্য নষ্ট ও তথ্য বিকৃতি।	(গ) শাখাসমূহে ও বিভিন্ন কার্যালয়ে স্থাপিত সকল Network Device ও Equipments এর নিরাপত্তা বিধানকর্ত্তা শাখা প্রধান কম্পিউটার ইনচার্জ বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক নিয়মিতভাবে তা পর্যবেক্ষণে রাখতে হবে। (ক) শাখা প্রধান এবং কম্পিউটার ইনচার্জ বা DBA(Database Administrator) এর মৌখিক উপস্থিতিতে Database Password ব্যবহার করতে হবে। (খ) কম্পিউটার অপারেটর প্রয়োজনীয় কাজে বাইরে গেলে/কম্পিউটার হতে দুরে গেলে অবশ্যই এপ্লিকেশন হতে লগআউট হয়ে যেতে হবে।
পাসওয়ার্ড (Password)	তথ্য জালিয়াতি, তথ্য চুরি, তথ্য নষ্ট, তথ্য বিকৃতি।	(ক) কম্পিউটার অপারেশন পরিচালিত হচ্ছে এমন সার্ভার ও কম্পিউটার সমূহের Password শাখা প্রধান, কম্পিউটার ইনচার্জ বা ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তার সরাসরি তত্ত্বাবধানে রাখতে হবে। (খ) একজনের পাসওয়ার্ড অন্যজনকে কিছুতেই অবহিত করা/ব্যবহার করা যাবে না। এ ক্ষেত্রে কঠোর গোপনীয়তা ও অতীব সতর্কতা অবলম্বন করতে হবে। (গ) মনিটর এবং ডেব্লিউপি স্ক্রিন অবশ্যই পাসওয়ার্ড দ্বারা সতর্কারণের ব্যবস্থা রাখতে হবে।
ডাটা এনক্রিপশন	তথ্য স্থানান্তরের সময় কেহ যাতে চলমান তথ্যাদি উদ্ধার্তান বা পরিবর্তন বা পরিবর্ধন না	(ক) এসএসএল পদ্ধতি ব্যবহারের মাধ্যমে তথ্যের নিরাপত্তা নিশ্চিত করা। (খ) সার্ভার এবং শাখাসমূহের মধ্যে তথ্য আদান প্রদানের সময় ডাটা এনক্রিপশন থাকতে হবে।

	করতে পারে সে জন্য ব্যবহৃত পদ্ধতি, তথ্য বিকৃতির মাধ্যমে জালিয়াতি।	
ডাটা ব্যাক আপ	কোন কারনে কম্পিউটার সিস্টেম এর ডাটা নষ্ট বা ক্ষতিগ্রস্ত।	আইসিটি পলিসি অনুসারে প্রয়োজনীয় তথ্যাদি সময়মত এবং যথাযথ ভাবে ক্ষতিগ্রস্ত হবে।
ফিসিং (Phishing)	ই-মেইলের মাধ্যমে ব্যবহারকারীকে ভুল ওয়েব সাইটে ক্লিক করতে উদ্ধৃত করে এবং তার গুরুত্বপূর্ণ তথ্যাদি অনলাইন চোরকে দিতে বাধ্য করে।	(ক) এটাচমেন্ট সম্পর্কে ই-মেইল খোলার ক্ষেত্রে মেইল প্রেরণকারীর পরিচয় নিশ্চিত হতে হবে। (খ) কোন ওয়েবসাইটে ঢোকার পূর্বে তার সঠিকতা সম্পর্কে নিশ্চিত হওয়া এবং ব্যক্তিগত গুরুত্বপূর্ণ তথ্য দেয়ায় সাবধানতা অবলম্বন করা।
ফার্মিং (Pharming)	ফিসিং এর থেকে উন্নত জালিয়াতির মাধ্যম এ ক্ষেত্রে ব্যবহারকারীকে বছল ব্যবহৃত/প্রচলিত ওয়েব সাইটের নকল তৈরি করে এর মাধ্যমে গুরুত্বপূর্ণ তথ্যাদি হাতিয়ে নেয়।	কোন ওয়েবসাইটে ঢোকার পূর্বে তার সঠিকতা সম্পর্কে নিশ্চিত হওয়া এবং ব্যক্তিগত গুরুত্বপূর্ণ তথ্য দেয়ায় সাবধানতা অবলম্বন করা।
ভিসিং (Vishing)	টেলিফোনের মাধ্যমে গ্রাহককে তার ব্যাংকের কর্মকর্তা হিসাবে পরিচয় দিয়ে তার নিকট হতে গুরুত্বপূর্ণ তথ্যাদি নিয়ে নেয় এবং জালিয়াতির মাধ্যমে আঞ্চাও করে।	ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীসহ গ্রাহকদের এ ধরনের নতুন নতুন জালিয়াতি সম্পর্কে সচেতন/অবহিত করে প্রতিরোধ করণ।
গমনমাধ্যম জালিয়াতি (Mass- Marketing Fraud)	ভিসিং (Vishing) এর মত এ ক্ষেত্রে একাধিক মাধ্যমে সাহায্য নিয়ে ব্যাংক কর্মকর্তা বা গ্রাহকের বিভিন্ন ধরণের প্রলোভন যেমনঃ অগ্রিম ফি, আর্থিক হিসাবে লাভ এবং বিনিয়োগ সুযোগ দেখায়।	ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীসহ গ্রাহকদের এ ধরনের নতুন নতুন জালিয়াতি সম্পর্কে সচেতন/অবহিত করে প্রতিরোধ করণ।
কিলগার, স্পাইওয়ার এবং অ্যাডওয়্যার	জালিয়াতির জন্য ব্যবহৃত হার্ডওয়ার ও সফটওয়্যার- কম্পিউটার ব্যবহার-কারীর কার্যকলাপসমূহ রেকর্ড করে এবং গুরুত্বপূর্ণ তথ্যাদি হাতিয়ে নেয়।	ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীসহ গ্রাহকদের এ ধরনের নতুন নতুন জালিয়াতি সম্পর্কে সচেতন/অবহিত করে প্রতিরোধকরণ।
ভাইরাস, ওরার্ম, ট্রোজন এবং স্পাম	বিভিন্ন ধরনের ক্ষতিকারক কম্পিউটার সফটওয়্যার যা ভাইরাস নামে পরিচিত।	কম্পিউটার ব্যবহারকারীকে এইসব ক্ষতিকারক উপাদান সম্পর্কে শিক্ষিত/ সচেতন করে প্রতিরোধ করা সম্ভব।

এছাড়া বিকেবি আইসিটি সিকিউরিটি পলিসি-২০১৪ এবং বিভিন্ন সময়ে জারীকৃত সকল পরিপত্রের মাধ্যমে নির্দেশনা
যথাযথভাবে পরিপালন করতে হবে।

৭.০৭ দায় ও সম্পদ সংক্রান্ত ঝুঁকি:- বাংলাদেশ কৃষি ব্যাংকের Asset liability Management Guidelines এর ২.২
অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ কৃষি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে মাসিক ভিত্তিতে প্রতি মাসের ১০টি
কার্যদিবসের মধ্যে দায় ও সম্পদের ঝুঁকি ব্যবস্থাপনার সভা অনুষ্ঠিত হয়। এ সভায় ব্যাংকের দায় ও সম্পদের সকল প্রকার ঝুঁকি নিয়ে
বিস্তারিত আলোচনা করা হয়। দায় ও সম্পদ বৃক্ষ/হাস বিগত অর্থ বৎসর এর তুলনায় তা নিরূপণ করে পর্যালোচনা করা ছাড়াও দৈনিক
ভিত্তিতে ব্যাংকের তহবিলের সার্বিক অবস্থা ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে অবহিত করা হয়। এছাড়া সাংগ্রাহিক ভিত্তিতে ব্যাংকের Key
Indicators প্রস্তুত করে অর্থ মজ্জালয় ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষসহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের অবহিত করতে হয়। মাসিক ভিত্তিতে রিস্ক
ম্যানেজমেন্ট ইউনিটের সভা অনুষ্ঠিত হয়। সভায় ব্যাংকের দায় ও সম্পদের সার্বিক অবস্থা পর্যালোচনা করা হয়। ত্রৈমাসিক ভিত্তিতে স্ট্রেস
টেস্টিং (Stress Testing) ও মাসিক ভিত্তিতে লিকুইডিটি প্রোফাইল মিসম্যাচ (Liquidity Profile Mismatch) বাংলাদেশ
ব্যাংককে অবহিতকরণসহ ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে অবহিত করা হয়।

শাখা কর্তৃক প্রতি ব্রেমাসিক অপারেশনস রিপোর্টে বিভাগ ভিত্তিক তালিকায়/বিবরণীতে সকল স্থায়ী সম্পদের বিবরণী সরেজমিনে যাচাইপূর্বক বাস্তব অবস্থান দেখে প্রত্যয়নপত্র প্রদানের নির্দেশনা দেয়া রয়েছে। এক্ষেত্রে স্থায়ী সম্পদের বিবরণী/অবস্থান সকল নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ যেমনঃ মুখ্য আধ্যাতিক/আধ্যাতিক ব্যবস্থাপকগণ সহ নিরীক্ষা/পরিদর্শনকারী দল কর্তৃক পরীক্ষা নিরীক্ষা/ যাচাইয়ের ব্যবস্থা রাখতে হবে। স্থায়ী সম্পদের পাশাপাশি অসমিতি সাসপেন্স (সম্পদ ও দায়) সমন্বয়ের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।

শাখা/কার্যালয় ভবনের নিরাপত্তা জন্য অগ্নিকান্ড/নিরাপত্তা ব্যবস্থার মান (Fire and Safety) যাচাই ও পরীক্ষা করতে হবে। কর্মসময়ের বাইরে ও ব্যাংকিং সময়ের পরে যে সকল ব্যাক্তি শাখা/কার্যালয় আগমন ও প্রস্থানের যথাবিহীন রেকর্ড রেজিস্টার নথিভুক্তকরণ এবং সামগ্রিক বিষয়টি নিয়মিত পর্যালোচনা করতে হবে।

শাখা/কার্যালয়ের সকল বৈদ্যুতিক তার সংযোগ সংশ্লিষ্ট দায়িত্বে নিয়োজিত প্রতিষ্ঠান কর্তৃক নিয়মিতভাবে উক্ত সংযোগসমূহ পরীক্ষা করা এবং এতৎসংক্রান্ত সনদ শাখায় সংরক্ষণ করতে হবে।

স্থায়ী সম্পদের মধ্যে ঝুঁকেসমস্মূহ প্রতিষ্ঠানের জন্য আয় অর্জনকারী গুরুত্বপূর্ণ খাতের অন্যতম। এ গুরুত্বপূর্ণ খাতটি সুষ্ঠু ব্যবস্থাপনার অভাবে যে কোন সময় ঝুঁকিতে রুগ্নাত্মিত না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। শস্য খাণ, গবাদিপশুসহ মধ্যম মেয়াদি খণ্ড মঙ্গুরির শফতা শাখা ব্যবস্থাপক, মুখ্য আধ্যাতিক/আধ্যাতিক ব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়ের উপমহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপকগণ মঙ্গুরি দিয়ে থাকেন। এ সকল ক্ষেত্রে স্ব স্ব মঙ্গুরিকারী কর্তৃপক্ষ খণ্ড কেসসমূহ পেজিং ইনডেক্সিং নিশ্চিত করে বন্ধকী দলিলগুলি যথাযথ সংরক্ষণের ব্যবস্থায় রাখতে হবে।

৭.০৮ অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ঝুঁকিঃ

প্রতিটি আর্থিক লেনদেনের সাথে ঝুঁকি শব্দটি অঙ্গাতঙ্গিভাবে জড়িত। ব্যাংকিং ব্যবসার ক্ষেত্রে কথাটি আরো গভীর ভাবে সম্পর্কিত। ব্যাংকের পরিচালন ব্যবস্থাকে নিরাপদ রাখা এবং গ্রাহকদের আস্থাকে আটুট রাখার বিষয়ে বিবেচনায় এনে বাংলাদেশ ব্যাংক ৬টি মৌলিক ঝুঁকিকে ব্যাংকিং কার্যক্রমের মুখ্য ঝুঁকি হিসাবে চিহ্নিত করছে। এ ঝুঁকিসমূহের মধ্যে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ঝুঁকি অন্যতম। বিদ্যমান সকল নিয়মনীতি ও বিধিবিধানের পূর্ণাঙ্গ পরিপালন নিশ্চিতকরণের মাধ্যমে একটি কার্যকর অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রতিষ্ঠা করতে পারলেই অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ঝুঁকি মোকাবেলা করা সম্ভব। কার্যকর অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রতিষ্ঠার ক্ষেত্রে প্রতিষ্ঠানের সর্বনিম্ন পর্যায় থেকে সর্বোচ্চ পর্যায়ের সকল ব্যক্তির স্বতঃস্ফূর্ত অংশ গ্রহণ একান্ত প্রয়োজন। একটি কার্যকর অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থাই পারে ব্যাংকের সকল বন্ধুগত ঝুঁকি যাচাই করতে। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা হলো ব্যাংকের দৈনন্দিন কর্মকাণ্ডের একটি গুরুত্বপূর্ণ অংশ যা স্বয়ংক্রিয়ভাবে অভ্যন্তরীণ ঝুঁকি ও দুর্বলতাসমূহ চিহ্নিত করে এবং সেগুলো নিরপেক্ষ গ্রহণ করে।

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার প্রাথমিক উদ্দেশ্য হলো বিভিন্ন ক্ষেত্রে ঝুঁকিগুলো চিহ্নিত, পরিমাপ ও নিরসন/হাসের ব্যবস্থা করা। এ নিয়ন্ত্রণ ব্যবস্থার উদ্দেশ্যকে তিনটি ভাগে ভাগ করা যেতে পারেঃ (১) প্রতিষ্ঠানিক দক্ষতা ও কার্যকারিতা (২) আর্থিক ব্যবস্থাপনা তথ্যসূহের গ্রহণযোগ্যতা, সঠিকতা ও সময়ানুবর্তিতা ও (৩) বিদ্যমান আইন বিধিবিধান ও অভ্যন্তরীণ নীতিমালার পরিপালন।

কার্যকর নিয়ন্ত্রণ ব্যবস্থা এবং সুনির্দিষ্ট ও সুশৃঙ্খল পরিপালন ব্যবস্থাপনার অভাবে কাজের গতি ও সেবার মান হ্রাস পায়, লক্ষ্যমাত্রা অর্জন বাধাগ্রস্থ হয়, জালজালিয়াতির প্রবন্ধন বৃদ্ধি পায়, আস্থা সংকট দেখা দেয়, সুনাম ক্ষতিগ্রস্থ হয়।

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ঝুঁকি মোকাবিলার জন্য ব্যাংকে ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি রয়েছে। ব্যাংকে পরিচালনা পর্যন্ত, ব্যবস্থাপনা কমিটি ও পর্যন্ত অডিট কমিটিরও দায়িত্ব রয়েছে। ব্যাংকের বিভিন্ন কর্মকাণ্ডে বিদ্যমান দুর্বলতা ও ঝুঁকিসমূহ সনাক্তকরণ, নিরূপণ, মনিটরিং এবং নিয়ন্ত্রণ করার প্রয়োজনীয় নীতি ও পদ্ধতিসমূহ প্রণয়ন ও বাস্তবায়ন করা। প্রয়োজনীয় কার্যকর নিয়ন্ত্রণ ব্যবস্থার জন্য সাংগঠনিক কাঠামো অত্যন্ত জরুরী ও গুরুত্বপূর্ণ। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ কর্তৃক গঠিত মনিটরিং ও পরিপালন ইউনিট, প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-১ ও ২ এর নিরীক্ষা ও পরিদর্শন ইউনিট এবং মনিটরিং ইউনিটের আওতায় অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টীম (ICT) রয়েছে। এছাড়া স্থানীয় মুখ্য কার্যালয়, বিভাগীয়, মুখ্যাধ্যাতিক/ আধ্যাতিক এবং শাখা পর্যায়েও উপরোক্ত ইউনিটসমূহ রয়েছে। শাখা পর্যায়ে ডিপার্টমেন্টাল কন্ট্রোল ফাংশন চেকলিষ্ট এর ব্যবহার নিশ্চিত করতে হবে। DCFCL এর নিয়মিত ব্যবহার ও প্রয়োগ সঠিকভাবে পরিপালিত হলে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ঝুঁকি বহলাংশে হ্রাস পাবে। খণ্ড বিষয়ক কার্যক্রমে খণ্ডের দলিলায়ন একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। প্রাচলিত আইন ও বিধিবিধান অনুযায়ী কোন খণ্ডের বিপরীতে কি কি দলিলপত্র গ্রহণ করা আবশ্যিক তা Loan Documentation Check list এবং খণ্ড অনুমোদনপত্র থেকে শাখাকে নির্ধারণ করে দিতে হবে এবং সে সব দলিলপত্র গ্রহণ করে সংযতে সংরক্ষণ নিশ্চিত করতে হবে। যদি প্রতিটি প্রতিষ্ঠানের ব্যবসার জন্য অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ঝুঁকি যথাযথ এবং কার্যকরভাবে মোকাবেলা না করা যায় তাহলে ব্যবসার অনিচ্ছয়তা আগাছার মত বৃদ্ধি পেতে থাকবে। যদি এ বিষয়ে কার্যকরী এবং সঠিক সময়ে সঠিক ব্যবস্থা নেয়া যায় তাহলে ক্ষতি এড়ানো যায় এবং প্রতিষ্ঠান লাভবান হয়।

৭.০৯ ট্রেজারী ম্যানেজমেন্ট সংক্রান্ত ঝুঁকিঃ-

ব্যাংকের ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগের মাধ্যমে স্থানীয় মুদ্রা ও বৈদেশিক মুদ্রার সমন্বয়ে তহবিল ব্যবস্থাপনা কার্যাদিসহ ব্যাংকের দৈনন্দিন তহবিলের তারল্য বজায় রেখে ব্যাংকের তহবিল ব্যবস্থাপনা সংশ্লিষ্ট অন্যান্য কার্যাবলি পরিচালিত হয়ে থাকে। গ্রহণযোগ্য ঝুঁকি সীমার মধ্যে থেকে ব্যাংকের নগদ অর্থ এবং অন্যান্য তরল সম্পদের রক্ষণাবেক্ষণ এবং স্থানীয় ও বৈদেশিক মুদ্রায় ব্যাংকের বিনিয়োগ, সম্পদ ও দায় ব্যবস্থাপনার মাধ্যমে ব্যাংকের আয় ও সম্পদ বৃদ্ধিকরণের প্রচেষ্টা গ্রহণ বিভাগটির অন্যতম ও গুরুত্বপূর্ণ দায়িত্ব। এ বিভাগের গুরুত্বপূর্ণ কয়েকটি কাজ যথাঃ (১) বিনিয়োগ ও রাজস্ব ব্যবস্থাপনা (২) সম্পদ ও তারল্য ব্যবস্থাপনা এবং (৩) দায় ও সম্পদ ব্যবস্থাপনা।

এতৎসংক্রান্ত দায়িত্বপালনে ট্রেজারী বিভাগের সম্ভাব্য ঝুঁকি সমূহ নিম্নরূপ:

১. Credit Risk:
 - a) Transaction Risk
 - b) Portfolio Concentration Risk
২. Market Risk:
 - a) Foreign Exchange Risk
 - b) Interest Rate Risk
৩. Liquidity Risk:
 - a) Funding Liquidity Risk
 - b) Trading Liquidity Risk
৪. Operational risk
৫. Legal & Regulatory Risk
৬. Human Factor Risk
৭. Asset Liability Risk (Mismatch)
৮. Reputational Risk
৯. Counter Party Risk

চিহ্নিত ঝুঁকি সমূহ দক্ষতা ও কার্যকরভাবে মোকাবেলার জন্য কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নীতিমালা, নিয়ন্ত্রণ ব্যবস্থা যথাযথভাবে চালু আছে। পূর্ব অনুমিত আর্থিক ঝুঁকি এবং চ্যালেঞ্জসমূহ সর্বাধিক গুরুত্ব সহকারে মোকাবেলায় কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে এবং তা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে। বৈদেশিক বাণিজ্য সংক্রান্ত ঝুঁকি নিয়ন্ত্রণে SWIFT, Reuters ও আনুষঙ্গিক প্রয়োজনীয় যন্ত্রপাতি সঙ্গে Dealing Room স্থাপন করা হয়েছে এবং বিষয়াভিস্তিক পর্যাপ্ত প্রশিক্ষণপ্রাপ্ত ডিলারবুন্দ ডিলিংরুমে কর্মরত রয়েছেন। Dealing Room পরিচালনার জন্য পরিচালনা পর্যবেক্ষণের অনুমোদনে Dealing Room Manual প্রস্তুত করা হয়েছে। Manual এ প্রণীত নীতিমালার পাশাপাশি বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত Guidelines for Foreign Exchange Transactions এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে। ব্যাংক কর্তৃপক্ষের সরাসরি তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণের পাশাপাশি অভ্যন্তরীণ ও বাংলাদেশ ব্যাংক কর্তৃক নিয়মিত নিরীক্ষা ও পরিদর্শনের মাধ্যমে ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগের ঝুঁকিসমূহ নিরসনের পদক্ষেপ কার্যকর রয়েছে।

অধ্যায়-৮

বাংলাদেশ কৃষি ব্যাংকে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ পদ্ধতির বাস্তবায়ন

৮.০১ ডিপার্টমেন্টাল কন্ট্রোল ফাংশন চেকলিষ্ট (DCFCL):

(ক) ব্যাংকের শাখাসমূহের দৈনন্দিন কর্মকাণ্ডে প্রচলিত বিধিনির্দেশনা ও নির্দেশিত পদ্ধতি অনুযায়ী ও অনুসরণপূর্বক পরিচালিত ও সম্পাদনের বিষয়টি নিশ্চিতকরণের লক্ষ্যে "ডিপার্টমেন্টাল কন্ট্রোল ফাংশন চেকলিষ্ট" (DCFCL) প্রণয়ন করা হয়েছে। এ চেকলিষ্ট দৈনিক, সাপ্তাহিক ও মাসিকভিত্তিতে হবে (পরিশিষ্ট-১, ২ ও ৩ দ্রষ্টব্য) শাখাসমূহকে করণীয় কার্যগুলো যথায়ীভাবে প্রতিদিন সম্পন্ন করে চেকলিষ্টগুলো দৈনিক/সাপ্তাহিক/মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে ২(দুই) কপি প্রত্বুত স্বাক্ষরিত করে রাখতে হবে। এক কপি শাখা সংরক্ষণ করবে। অন্যকপি মুখ্য আধ্যাতিক/আধ্যাতিক কার্যালয়ে প্রেরণ করবে।

